এইরূপে ইন্ফুমালিনী মেঘমুক্ত শশীর ন্যায়, ব্যাধের পাশচ্ছিন্ন পক্ষীর প্রায়, ও বেদিয়ার হড়পীল্পলিত কুশা-ক্লিনী নাগিনী সদুশ, যবনহস্ত হইতে উদ্ধার পাইয়া সঙ্গিনী সমভিব্যাহারে গমন করিতে লাগিলেন। যাইতে যাইতে অনুরী-অন্ধিত বিজয়কেতুর নামটী পাঠ করিয়া অভত-পূর্বে চমৎকার ও অনিবর্বচনীয় পুলকে এরূপ পরিপূর্ণা ছইলেন, যে ভিনি কোথায় যাইতেছেন এবং কোথায় বা ছিলেন তাহা সমস্তই বিদ্যুত হইয়া মৃগত্ঞিত লোচনে সহচারিণীর প্রতি চৃষ্টিপাত করিয়। কহিলেন, স্থি! তুনি আনায় কোথায় লইয়া বাইতেছ? আনি কি স্বপ্ন দেখিতেছি ? সন্ধিনী কহিল, আপনি স্বপ্ন দেখিবেন কেন, আপনি যে অসাধারণ প্রেমানন্দে ভাসিতেছেন আনি সেই আনন্দধানেই আপনাকে লইয়া যাইতেছি। এই সোপান আরোহণ করুন, পদস্ঞালন দ্বারা এই মোপানাবলী অতিক্রম করিলেই সুথ-**সোপান পরি-**প্রাপ্ত হইতে পারিবেন। এই বলিয়া বিলাসভবনের नांगामात्र इन्फ्रमानिनीत्क अत्यम कताहेशा कहिन, যুবরাঞ্চ ! রাজবালা এই চকোরিণীকে আপনার জ্রীকরে मनर्भन कतियादिन, कीड नामीत काहि काहि अनात्मत

সহিত পক্ষীটীকে পরিগ্রহ করুন। দাসী এই বলিয়া যবন যুবার নিকট ফিরিয়া গেল। কুনার যে ইন্ডু-मानिनीत जलनावरण विस्माहित इहेग्रा ठाहात वहतन्त्र হইতে সুধার ভাষা ও মধুর হাসি প্রবণ ও দর্শনাভিলাষে তুরজারত হইয়া মন্ত্রিপুত্র সহকারে ধর্মপুর নগরীতে প্রতিদিন ভ্রমণ করিতে যাইতেন, যে ইম্ফুনালিনীর সমাগম-লালসায় পিভা মাভার অতেদ্য বাৎসল্য স্নেহের সহিত রাজ্যভোগে ও রাজবালা বিচ্যুল্লভার পরিণয়ে পরাজ্ম থ হইয়া অভিসারস্থানে অপেকা করিয়াছিলেন, যে ইন্দুমালিনীর আদার আশায় হতাশ হইয়া পরি-শেষে জলমগ্ন, অরণাবিহারী ও নিষ্ঠুর নিষাদ কর্তৃক ধুত হইয়া মৃতকল্প হইয়াছিলেন, যে ইন্চুমালিনীর প্রত্যাশায় কাম্পানিক ইন্দুনালিনীর সহবাসে জীবনের गार्थकडा ও ভিদ্নিতে হাহাশদে রোদন করিয়াছিলেন, ষে ইম্ফুমালিনীর প্রতিমূর্ত্তি কুমারের চিত্তপট হইতে এপর্যান্তও নিরক্ষিত হইতে পারে নাই, যে ইন্ফুমালিনীর অতুসন্ধান পাইবার প্রত্যাশায় তৈরবীর সভ্লাভ-লাল-সায় এই চিত্তরঞ্জনোদ্যানের বিলাসভবনের নাট্য-भानाम উপস্থিত হইয়াছেন, এবং যে ইম্ফুনালিনীর গুণামুকীর্ত্তন সেভার সহায়ে হইন্ডেছিল, অদ্য সেই ইন্ফু-মালিনীকে দর্শন করিয়া কুমারের আনন্দ-সাগরের এরপ বেগ বিভিত হইল যে, ভাঁহার ক্লেশ চিন্তা উৎকণ্ঠা

ও তুঃখের নগর দকল কলপ্লাবিত হইয়া কোধার যে ভাষিয়া চলিল ভাহার আর নিরূপণ নাই। তিনি व्यनग्रस्य ও निरम्यम् गाला हत्न हेन्छ्या निनीदक नितीकन করিতে করিতে, ভাঁহার নয়ন্যুগল আনক-বারিতে অভিষিক্ত হইতে লাগিল। কুমার প্রথম প্রিয়াকে সাগত সম্ভায় করিবেন, কি কর গারণপূর্বক ষথাস্থানে উপবেশন করাইবেন, कि कि कब्रिट्रन, किछूरे द्वित করিতে পারিলেন না। এইরূপ ব্যস্ত সমস্ত হইয়া बाष्ट्राक्टर कि कहिरतन जारा कान करमरे कुमातीत কর্ণগোচর হইল না; কারণ ভাঁহার অবস্থাও তথ্ন खेक्प ; जिमि धक जानगरन कुमाद्यत ठ छानन य उ है দেখিতেছিলেন, তত্তই জাঁহার চকোরিণীতুলা নেজ হইতে যুক্তাবলির ন্যায় বাষ্প্রধারা নিপতিত হও-যায় বোধ ছইল যেন কুনারীর নয়নচকোর কুমারের বদন-চাঁদের এরপ সুধাপান করিতেছিল যে ভাহার চঞ্চসুত্রনী হইতে সুধার সু-ধার দরদরিভরণে করিভ হইয়া মুক্তাশ্রেণীর ন্যায় কুমারীর বক্ষঃস্থলে রমণীয়-मर्गन इहेग्रा डिटिन।

উভয়ের এইরূপ ভাব ভক্তি অবলোকন করিয়া পিঞ্জরত্ব শুক পক্ষী শারিকার প্রতি কহিতেছে।

শুক শারিকার কথোপকথন।

শুক কহিজেছে, প্রিয়ে শারিকে! বিরহ্ব্যথিত নায়ক নায়িকাদিগের নেত্রপারা যদিচ নিয়ত নিপতিত হয় বটে, কিন্তু এক্ষণে সন্মিলন-সনয়ে যে সেই পারা দর-দরিতরপে প্রবাহিত হইয়া উচিতেছে ইহার কারণ কি? অহরহঃ বিরহ-ভাপে বাষ্প বিসর্জনবশতঃ নয়নের কি নীর-নিঃসরণ স্থাব হইয়া গিয়াছে, না উভয়ের প্রণয়-অপাংনিধি উচ্ছলিত হইয়া অক্ষি-কক্ষে বেগে ধাবিত হইতেছে। প্রাণপ্রিয়ে! ইহার যাথার্থা বলিয়া স্থানার সংশয়্ব অপনোদন কর।

সারিকা কহিল, হে হৃদয়-সুনীতল! আপনি বাহা বলিতেছেন ইহা সন্তব বটে, কিন্তু আমার বোধ হয় উভয়ের তাপিত কলেবরের সুনীতলভা-সম্পাদনে নেত্র-গণ সদয় হইয়া নিরস্তর নীর নিপাতন করিতেছে, অথবা প্রথম-পথের প্রধান দস্য দৃশংস বিচ্ছেদকে স্মরণপূর্বক প্রেমের তায়িত্বপক্ষে হতাশ হইয়া উভয়েই রোদন সার করিয়াছেন। প্রিয়ভমা শারিকার এইরপ অসুমান অস্থাবনানন্তর শুক কহিতেছে, হে চিত্তানন্দদায়িনি! ভোমার এই সুধাসিক্ত উক্তি মুক্তিযুক্ত বটে, কিন্তু আমি

দশ্মিলন-কাদ্য্যিনী সমুখিতা হওয়ায় অঞ্পাত-কৌশ্বে আনন্দোদক বৰ্ষণ হইতেছে।

শারিকা প্রাণবল্লভের এতাদুশ অমূত্যয় বচন তাবণ করিয়া পুনরায় বলিল, হে প্রিয়দর্শন! ভাষা নয় ভাষা নয়, আমি এই বার মথার্থ ভাষা অমূত্ব করিয়াছি, প্রকাশ করি, প্রাবণে কুপান্থিত হউন। শুক কহিল, সুধাক্তি! বল বল।

শারিকা কহিল, হে দেব! প্রবণ করুন। সরস কাষ্ঠ

ছতাশনে দক্ষ হওনকালে ঐ কাষ্ঠছ রস সকল যক্রপে

বাষ্পাকারে স্বতন্ত্রিত হইতে থাকে, তদ্রপ সেই নর
নারী-ঘাতক দস্য-ভন্মরাশির দীপিত সায়কাপ্লিতে

রসরাজ ও রসবতীর সরস দেহ পরিদক্ষ ও দহুমান

হওয়াতেই বাষ্পরস বিগলিত হইয়া নয়নভার বহিয়া
পড়িতেছে, এবং ঐ কন্দর্পের বাণানলে পরস্পরে দ্রবীভূত হইয়া বিশুদ্ধ সন্মিলন অভিলাধে নেত্রোদকছলে

ক্রমে ক্রমে গলিতেছে।

শুক কহিল প্রিয়ে! তুমি যাহা বলিতেছ ও আমি যাহা বলিয়াছি, এ সমস্তই ছান্তিমুলক। এক্ষণে আমি যথার্থ উহাদিগের মর্ম্ম অনুধাবন করিয়াছি, প্রকাশ করি, স্থির-চিত্তে শ্রেবণে মনোযোগী হও। দেখ প্রিয়ে! আমরা পরস্পরে পিঞ্জরাবদ্ধ হইয়া স্পর্শন ক্রিয়ার অভাবে কেবল দর্শন-অন্তল পরিদক্ষ হইডেছি, কুমারী কুমারের শুকুমার হৃদয়ে এই মন্দ্রান্তিক বক্ষোবিদারক যন্ত্রণা একান্তই অসহ্য হওয়াতে ভাঁহার। পরস্পরে নয়নজলে
ভাসিতেছেন; ইহার আর তিল মাত্র ভূল হইভে পারে
না। এক্ষণে যে কোন উপায় দ্বারা যদি ভূমি আমার
পিঞ্জরে প্রবেশ করিতে, অথবা কোন কৌশলক্রমে
আমাকে ভোমার পিঞ্জরে লইভে পার, ভাহা হইলে
আমাদিগের ও উহাদিগের এই অভাবনীয় ভাবের
ক্ষভাব হইয়া সান্তিক ভাবের আবির্ভাব হইয়া উঠে।

রাজপুত্র ও ইন্দুমালিনী যদিচ তৎকালোচিত অভাবস্থান উহাদিগের বাক্যে অমনোষোগী ছিলেন বটে, কিন্তু
শুক শারিকার এই বাক্যগুলি প্রবণ মাত্র মধুর হাস্যে
উভয়েরই কমলাস্য ঈষৎ স্পন্দিত হইতে লাগিল। তথন
বাস্তবিক পূর্ব রূপের রূপান্তর হইয়া তাঁহারা এক অনিবাস্তবিক পূর্ব রূপের রূপান্তর হইয়া উচিলেন। দীর্ঘ
নিঃশাস তিরোহিত, নেত্রনীর লুক্কায়িত, অদ্ধ প্রভান্ধাদি
স্পান্দিত, নয়ন পুলকিত, বাক্য ক্ষুরিত ইত্যাদি স্বভাবসিদ্ধ
হইয়া উভয়েই উভয়কেও শুক শারিকাকে নিরীক্ষণ করিতে
লাগিলেন। রাজপুত্র ইন্দুমালিনীর হল্ত খারণপূর্বক
নিকটে বসাইয়া কহিলেন, প্রিয়ে! আনি ভোমার এই
শিরীষকুসুমসুসম বিমল কোমল করকমল স্পর্শে যেরূপ
অনির্বাচনীয় সুখের নিধান হইতেছি, ভোমার অমুরাগামুরোধ্যে কাম্পন্তিক ইন্দুমালিনীকে চুইবার স্পর্শ

করায় এ সুখের কণামাত্রও আমাকে স্পর্ল করিতে পারে নাই। অদ্য আমার কি শুভ দিন, কি পরম সৌভাগ্য, ভোমার দর্শন স্পর্শনাদি ছারা আমার দেহ মনঃ পরম পবিত্র হইল। সুন্দরি! এস এস, এক্ষণে শুক শারিকাকে এক পিঞ্জরে সুরক্ষিত করি। এই বলিয়া কুমার শুক পক্ষীকে শারিকার পিঞ্জরে প্রবেশ করাইয়া দিলেন।

ইন্ফুমালিনী এই অভাবনীয় ঘটনায় অভিশয় আশ্চর্যান্বিতা হইয়া কুমারের বাক্যে কোন উত্তর না कतिशा मान मान अहे ताल जातिएक नामितन, रव হুউ যবন ইহাঁর নামাঞ্চিত অন্পুরি কি উপায়ে পাইল, এবং ইনিই বা অত্র স্থলে কি প্রকারে উপ-স্থিত হইলেন। শুনিয়াছি অদ্য তিন দিবস রাজবালা বিহালভার সহিত ইহাঁর পরিণয় সম্পন্ন হইয়াছে, এবং করধারণপূর্মক আনাকেও নিকটে বসাইভেছেন; স্ত্রীঞ্চাত্তি-সুবন্ত-অপ্পবৃদ্ধি জন্য ইহার কিছুই বুঝিতে পারিভেছি না। বোধ হয় আমি শ্বপ্প দর্শন করিভেছি, নতুবা এই ধ্বনহ্ডা মহাপাপিনী হভভাগিনীর ভাগো কি রাজকুমারের সমাগমলাভ হইতে পারে ? মণিহারা ভাপিনী নাগিনী কি হত মণি পুনঃ প্রাপ্ত हम। এक वाद हेहाँद मक्रनाच-नानमाम यवनहत्त्र नास्त्र হইয়া যৎপরোনাস্তি শাস্তি ভোগ করিয়া এইমাক নিস্তার প্রাপ্ত হইয়াছি, অন্য আবার সেই সঙ্গ বিশেষরূপে

ঘটিতেছে, না জানি অভ্যেট কি ঘটনাই ঘটে। এইরূপ ভাবিতে ভাবিতে সলক্ষ্যদনে মৃ স্থুরস্বরে মনের মকল ভাবগুলি কুমারের নিকটে প্রকাশ করিতে লাগিলেন। রাজপুত যদিচ বিচালভার কপ গুণ বুদ্ধি চাতুরী স্থেহ প্রণয় ও উদার বভাবাদির গুণে নিগুড় রূপে আবদ্ধ আছেন, তথাচ ইন্চুমালিনীর বদনেন্ডুকরিত সুধাশোদিভ বাক্য কয়েকটী আকৰ্ণন করিয়া তিনি স্বর্গসূথের সোপান সন্দর্শন করিতে লাগিলেন। কুনার ছুই করে কুনারীর কপোল্দয় ধারণ ও নেত্র প্রতি নেত্র সমর্পণ করিয়া আপনার মৃগয়া-যাতা হইতে জল মজ্জনের ব্ৰভান্ত, তৈৱবী-নিষাদ-ঘটিত ব্যাপার, ও কাম্পনিক ইন্মানিনীর সজলাভ প্রভৃতি রাজনালা বিচালতার পাণিপ্রহণ পর্যান্ত সমস্ত বর্ণন করিয়। কহিলেন, অয়ি প্রিয়ে ! তুমি যবন কর্তৃক অপহতা হও নাই, স্বকার্য্য সাধ-নোদেশে বিচ্যুলভাই ভোনাকে এপর্যান্ত আবদ্ধ করিয়া রাধিয়াছিল, পরে আমাকে নিভান্ত ইন্ফুমালিনীগত-প্রাণ বিবেচনা করিয়া অদ্য আমার হস্তে ভোমাকে সম-পূর্ণ করিয়াছে। আর মহারণ্যে ঐ বিহ্যলভা ভোমার বেশধারিণী হইয়া আমার যে হারাজুরি গ্রহণ করিয়া-ছিল সেই হারাজুরির মধ্যে অজুরিটী ভোষার হত্তে -সমর্পণ করিয়াছে। এই বলিয়া অঙ্গুরিটী ইম্ফুমালিনীর অঙ্গুলিতে পরাইতে লাগিলেন, এবং কহিলেন, প্রিয়ে !

ভোমাকে আবদ্ধ রাখাতে বিচালত। যদিচ সহজ্ঞ আপন রাখের অপরাধিনী বটে, তথাপি পুনরায় ভোমাকে আমার হত্তে সমর্পণ করাতে তাহার বুদ্ধিনৈপুণ্যের ও উদার চরিত্রের ভূয়নী প্রশংসা করিতে হইবে।

ইন্ছুমালিনী রাজপুতের সমস্ত কথা ত্তিরচিত্তে আবশ করিতেছিলেন, কিন্তু বিচ্যুল্লভার গ্রাশংসা ভাঁহার কর্ণ-কুহরে উত্তপ্ত লৌহশলাকার ন্যায় প্রবেশ করিতে **লাগিল। কুমার ও ভাঁহার প্রণয়ের ব্যবধানস্বরূপ বে** বিহ্যাল্লভা ছলকৌশলক্রমে ভাঁহাকে আবদ্ধ করিয়া স্বয়ৎ কুমারের সহচারিণী হইবার মানদে কুমারের সমস্ত বিপদের আকর হটয়াছিল, রাজপুত্র সেট বিপদেবং-পাদিনী বিচ্যালভার পাণিগ্রহণ করিয়াছেন, আবার অমানমুথে ভাঁহার প্রশংসায় প্রবৃত হুইয়াছেন, ইহা खंदरन हेन्द्र्यानिमीत अश्रेषद म्मन्त्र, अन्य वाक्तिन्त, নেত্র রক্তোৎপলবৎ ও মধুবমূর্ত্তিও নিলক্ষণ উগ্রভাপ্তাপ্ত হইয়া উঠিল। তিনি সপত্র ছাত ক্রোধে সন্তপ্ত কাঞ্চনের नाम हेन हेन क्रिटल नाशितन, अवर वनशूर्वक कुमाद्वद কর হইতে স্বকর আকৃষ্ট করিয়া অঞ্বি উল্লোচন ও কুমারকে প্রত্যর্পণানন্তর কহিলেন, কুমার ! স্লেছ জাতিরা ভক্ষণাশয়েই ভাত্রচূড় পক্ষী প্রতিপালন করিয়া থাকে; অর্ণাবাসিনী হিড়িয়া রাক্ষ্মী কলপের দর্প-ভাড়িত ব্রকোদরের রূপনাধুরীতে বিশোহিতা হইয়া অপত্য-

লালসাতেই পুণাবতী কুন্তীদেবীর অপতাগণকে পৃষ্ঠে বহন করিয়াছিল। অভএব বনবাসিনী বিছালভা ইন্ফুমালিনীর বেশে আপনার মন হরণ করিবার মানসেই ভৈর্বীরূপে নিষাদহস্ত হইতে মহাশয়ের প্রাণ রক্ষা করিয়াছিল। এই বলিয়া বসনাচ্ছাদিতবদনে দুরাসনে সমাসীনা হই-लान । कुमात जेन्छ्यालिनीटक यानमशी प्राथिश। यान छक्ष-नामुक्षीरन উनुरयोशी क्टेरलन। क्रांस ছरल वरल करन কৌশলে অভিযানিনীর হুর্জয় মানকে জয় করিতে না পারিয়া মহাকবি জয়দেব-বির্চিত মানভঞ্জন পদ্ধতিতে প্রব্রন্ত হইয়া পড়িলেন। তথন ইন্দুমালিনী বাষ্পকণ্ঠে কহিলেন, রসরাজ! ছি ছি ! কি করেন ! এ কার্যা করিতে नाइ. आमि मानाना मानवी, आलनात मामीत योगाउ নহি. আপনার এই অমল-ক্মল-তুলা কোমল কর কি আমার চরণে সম্ভবে, ছি ছি মহাশয় ! কাঞ্চন কথন কাচে শেভো পায় না. সূর্যোর কিরণ পদাবনকেই শোভাশালি করে, ু শুভাঞ্জনে সুরঞ্জন হয় না; আপনার ছটী চরণে ধরি, আনার পদ ছাডিয়া দিউন, এ দানীরে আর ঘোর নরকে নিপাতিতা করিবেন না. বিশেষ আমি অবিবাহিতা, আমাকে আর স্পর্শ করা আপনার উচিত কার্যা নহে। কুমার ইন্চুমালিনীর এই বাক্য শুনিয়া ভাঁহার চরণ জ্ঞাগপুর্বাক দণ্ডায়নান হইয়া ভাবিলেন, যে এইবার চরণে পত্তিত হইয়া রহিব, ইহাতে যদি আমার প্রতি সরল ভাব

প্রকাশ না করেন, ভবে প্রাণ পরিত্যাগের উপায় চিন্তা कतित । कुमात अहे मानरम रयमन रमहत्क अवनक कति-লেন, অমনি ভাঁহার কণ্ঠত্ব ফুলহার ইম্ফুণালিনীর গল-দেখে নিপতিত হইল। তিনি মানভরে নদ্রবদনা থাকা প্রযুক্ত হার যে বয়ংই ভাঁহার কঠত হইয়াছে ইহা ভিনি না জানিয়া কুমারের প্রভি কহিলেন, অয়ি বিচ্যুলভাবলভ? আপনি কি করিলেন, আমার গল-দেখে হারার্পণ করিলেন কেন ! আপনার সোহাগিনী বিচ্যুল্লভা ইহা শুনিলে যে অনর্থের সীমা থাকিবে না। ভখন রাজপুত্র কহিলেন, প্রিয়ে সুধাভাষিণি! আমার সম্পূর্ণ ইচ্ছা যে ভোমার গলদেশে মাল্য সম্প্রদান করিয়া প্রমানন্দে ভোমার দত্ত বরমাল্য গ্রহণ করি, কিন্তু আমি ভোমার অমুনভির অবাধ্য নহি, **७३ हात आमि जामात शनदम्य ममर्शन कति नाहे,** আমার প্রতি তুমি নিভান্ত নির্দ্যা হইয়াছ দেখিয়া আমার কণ্ঠস্থার ভোমার কর্ণকুথরে কোন সং পরানর্শ দিবার জনা স্বয়ং ভোমার কণ্ঠদেশে আশ্রয় লাভ করি-शाहि। हेन्छ्रमालिनी कहिलन, मथा। जा नम्र, जा नम्र, আমি আপনার অভিসন্ধি বুঝিয়াছি, আপনি বিহ্যালভার সহিত মন্ত্রণা করিয়া আমার প্রাণনাশ-নানসে কাম-কাল-কুট-ভূষিত ভ্লজিনীকে মাল্যদাম-ছলনায় আমার গল-দেশে সমর্গণ করিয়াছেন। এই ফুলহার্ম্বরূপ কাল-

নাগিনী অবশ্যই অনচ্চের তুণীবিবরে ছিল, ইহার আর काम मटन्मर नारे। এই प्रथून आंगांत क्ष्राय प्रभन করিল। কুমার! আমার মন কেমন করিভেছে, উহু মরি! উচ্চ মরি ! আমার প্রাণ যায়, নিদারুণ মদনবিষে আর যে বাঁচি না, মলেম যে। এই বলিয়া কুরত্নকেলিভূভ লোচনে মদনবিষ-বিনাশক কুমারের বদন-স্থার অভিলাষে ভাঁছার চক্রানন প্রতি বিলোকন করিয়া রহিলেন। কুমার ভংকালজাভ সেই ভিজ্ম। ও কটাক্ষেতে অভ্তপূর্ব মোহন মাদকে বিমোহিত হইয়া কহিলেন, চারুশীলে! ভোমার বদন-সুধার সু-ধার করিত হইলেই এ কাম-क्रिभा नाशिनीत शतन तिनके रहेट्य : सुन्हित ! प्रथ प्रथ সর্পকুল নির্দ্যুল করণ মানলে ভোমার নাদায় নাদা মিপ্রিত করিয়া বদন-সুধাকরে গরুড় বিহল্প বিরাজমান করিতেছেন, প্রিয়ে! ভয় নাই। ভয় নাই এই বলিয়া কুমারীর কর ধারণ করিলেন।

কিশোরের করস্পর্শে কিশোরীর কি শরীর কি হইয়া কদম-কেশরের ন্যায় শিহরিয়া উঠিল, ওঠাধর ও রসনা ঈবৎ শুদ্ধ হইতে লাগিল, হুদয় নিভয় ও উরু স্পাদিত ভাব ধরিল, নিঃশাসের দীর্ঘতা ও বাক্যের জড়তা হইতে লাগিল। নৃপনন্দন ইন্দুমালিনীর সেই অধীরা-বস্থা অবলোকন করিয়া আপনিও ভদবস্থায় দক্ষিণ করে তাঁহার উক্দয়াদি ও বাম বাহবলি দারা গ্রীবাদি

সমস্ত অল বেউন পূর্বক আপনার ফ্রন্য় ক্রোডের মধ্য-ভাগে ধারণ করিয়া পর্যাক্ষোপরি শয়ন করাইয়া দিলেন। কুমার দৈশবকালে মাতা পিতা বা ভূত্যানির অক্ষে থাকিয়া বালখভাবসুলভ যে চাঁদ পরিতে চাহি-তেন, কুনারের সেই আশাটী অদ্য সম্পূর্ণরূপেই পরি-পূরিত হইল। আর ইন্দুনালিনী-প্রাপ্তি-নালসায় কুমা-রের অভিসার স্থানে উপস্থিতি, পাতপুত্র সহ জলমজ্জন, ভদনন্তর অর্ণ্যভ্রনণ ও নিষাদহত্তে পতন ইত্যাদি নানা বিধায়ে যে মৃত্যুত্ব্য যক্ত্রণা হইয়াছিল, অদ্য के मदलक्षारक क्षरम म्लाम कित्रिया जाहार के यञ्जनात বিনিময়ে পরম গোভাগোর খনি প্রকাশ হইল। রক্ত-পর্মতনিভ শশাস্কংশথর সভীশোকে বিকলকলেবরে ধ্যান-পর হটয়া মহাতপের ফলস্কুপা হিমালয়-আল্য়ে হৈমবতীকে প্রাপ্ত হইয়া আশুতোষ যেনত আশুতোষ इरेग्ना ছिলেন, नृপतन्त्रन अना त्मरे सनान न्नम मना-নন্দে বিমোহিত হইয়া দশ দিকে স্বৰ্গ-সোপান অবলোকন कतिएक नागिरनन। इन्फुर्गानिनी, शताक यह अहिड হওয়ায় তাঁহার বসন ভূষণ স্বেজাচারি থাকায়, কুমা-রের মনোহারিণী ও আদরিণী হইয়াছিলেন। কুমার कुमात्रीत भगागात्री तहित्वन कि উপविके शहेरवन हेशत কিছুই স্থির করিতে লা পারিয়া একতানমনে কুণারীর প্রতি অনিমেষলোচনে চাহিয়া দণ্ডায়মান রহিলেন।



ইন্ফুমালিনী কহিলেন, মহাশয়: আপনি কি বিহ্যুলভার শাসন-আশস্কাতেই শয়নোপবেশনবজ্জিত হইয়া দণ্ডায়-দান রহিয়াছেন। রাজকুমার কহিলেন, প্রিয়ে! যে দিন হইতে আমি অশ্বপৃষ্ঠে ভোমাকে প্রিয় দর্শন করি-য়াছি, সেই দিন হইতেই আমার চিত্ত-সুবর্ণে তোমার এই সুবর্ণনোহিনী মূর্তিটী অক্ষিত করিয়া রাখিয়াছি। সুন্দরি! বিছালভার প্রণায়রস এখনও তাহাকে দ্রবীত্ত করিতে পারে নাই এবং অন্য দোহাগেও গলিয়া রূপান্তর প্রাপ্ত হয় নাই; যদি ভোনার দেখিতে বাসনা থাকে আমার হৃদয় বিদারণ করিয়া দেখ। ইন্দুমালিনী কৃষ্ঠি-লেন, প্রিয়সথে ! আপনার হৃদয় বিদারণ করিয়াই ঝ দেখিতে হইবে কেন ? আমি যে আমার হৃদয়েই আপনাকে সর্বকণ নিরীকণ করিতেছি, আপানি সেই সোহাগিনী বিহ্যুল্লভাকে হৃদয়ে পারণপুর্বক আমার হৃদয়ে সভভই সুখে বিরাজ করিতেছেন। দেখুন দেখুন, সেই কারণে আমার হৃদয় কত ভারাক্রান্ত হইয়াছে। "আদ্রিণি! দেখি দেখি ভোমার হৃদয় কিরূপ ভারাক্রান্ত হইয়াছে" कुमात्र এই वनिया हेन्छुमानिनीत वत्क कत श्रमान कतितन। हेम्प्रमानिनी अमिन नेवर-हामा-वन्दन, काल्यनिक ब्लाएवत সহিত, কি করেন কি করেন বলিয়া নিখ্যা লজ্জার অমু-'বর্তিনী হইলেন, এবং যত্ত্ববিরহিত ভাবে অঙ্গাদিতে বস্ত্রাচ্ছাদন-কৌশলে গাত্রোখানপুর্বক উপবেশন করিয়া

भगतत्क अर्थारङ उपरवर्गन क्वाहित्न। त्महे कात्न ইন্দুনালিনীর মনিমুক্তাগ্রধিত মাল্যদাম অধিকতর চঞ্চল হওয়ায় একথানি হীরকথণ্ড কণ্ঠচ্যুত হইয়া নিকটস্থ দেতারের উপর পতিত হইলে, সেতারটার সে তারটার ষক্ষ হইতে ঝণ্ৎকার রবউপিত হইল। পরে সেই ধ্বনিতে অই ধনী কি ধানি বলিয়া রাজপুত্রকে জিজ্ঞাসা করায়, কুমার উত্তর প্রদান করিতে লাগিলেন। কুমার কহিলেন, প্রিয়ে! ভুমি এইনাত বলিয়াছ আপনি বিল্লালভাকে হ্রদয়ে লইয়া আনার হৃদয়ে বিরাজিত থাকায় আমার হ্বার ভারাক্রান্ত হইয়াছে, এই কথা শুনিয়া দেভারটী অব্যক্ত ধ্বনি ছারা কহিল, ইন্ফুমালিনী দেখ আমি সুরের অনুরোধে যুড়ি, ধরচ, পঞ্চন, প্রভৃতি পঞ্চী ভারকে ছ্দয়ে ধারণ করিভেছি, আর ভুনি বিচালভার সহিত রাজপুত্রকে হ্বরে ধারণ করিতে পার না, ছি ছি ! ইহা অতি লক্ষাকর কথা। হে ইম্ফুনালিনি! বিছালভা ভোষার সহিত রাজপুত্রকে হৃদয়ে ধারণ করিয়া আবার নিজ্জনে ভোমার হৃদয়ে রাজপুত্রকে সমর্পণপূর্বক व्यालन कारत विद्राहत शायान दका कदियाहिन, हांग्र शाय ! विष्टालका कि मतलक्षकावा । हेन्छूनालिनी कहिरलन, কুমার! তা নয় তা নয়, সেতারের অব্যক্ত ধ্বনির ভাব আপনি কিছুই বুঝিতে পারেন নাই, তাহার যথার্থ वर्ष जामि अहान कदिए उडि खरण ककन। महानग्र! यथन

আমার হৃদয়ে করার্পণ করিয়াছিলেন, তথন আমি ব্যক্ত ভাবে পাতোখান করায় বোধ হয় আনার কণ্ঠ হার বিচ্যুত অথবা কাঁচলিস্ক্লিত হীরকথণ্ড দেভারের বক্ষ-রক্ষিত সুরের উপর পতিত হওয়ায় মেতার ঝক্ষারের সহিত তিরস্কার করিয়া আই মণিখণ্ডকে কহিল, হে নির্লজ্জ मिं ! जूमि कूमातीत कर्श्वच रा वक्कः च ভृषण कि वमत्मद्र वर्ण-ভারের গ্রন্থি ছেদ্ন করিয়া আমার বক্ষঃস্থ লৌহ ভার লক্ষ্য করিয়া আসিয়াছ, ভোমায় ধিক্, ভোমায় ধিক্। সুভর।ং একের ऋषग्र পরিভ্যাগ করিয়া যে অন্যের ऋष्टग्न वास्मत বাসনা করে, সেই সর্মচ্যুত ব্যক্তিকে অবশাই ধিঞ্চারের ভাঙ্গন হইছে হয়। কুমার কহিলেন, জীবিতেশ্বরি! সেভারের অব্যক্ত ধ্বনির ওরূপ মর্মা নহে, উহার স্বরূপ মর্ম্ম আমি বিশেষ প্রকারে প্রকাশ করি, প্রবণে মনোধোগী হও। সেভার কহিল, আমি মণিময়-মেথলা-বিরহিত তুম্বি-নিত্রবিশিষ্ট পিত্র-লোহ-তার-কড়িত সামান্য কাঠ-খণ্ড হইয়াও কুনারের সুকুনার কর গ্রহণ করিয়াছিলান, কিন্তু কেহ কুঞ্জরকুন্তুগঞ্জিত মণিদামসিঞ্জিতগমনা -ন্দোলিত নিতম্বয় ও অমূল্যরত্বঞ্জিত কমলকোরক-লাঞ্ডিত রতিপতিবাঞ্চিত কুচন্বয়বিশিষ্টা হইয়াও কুমা-রের করগ্রহণ করিতে পারিল না, ইহা অভি আশ্চর্যোর বিষয়, অভএব উহাকেই ভভোধিক ধিকু; আর দেখ সরো-बब्र कूल एकांग नम नमी अकृष्टि नकन क्रमहे मिनकरबब्र

করস্পর্শে অরবিন্দর্বদ আনন্দে বিক্ষিত ইইরাছে, কিন্তু কুমারের করস্পর্শ ব্যতীত যাহার হৃদয়পছিনী মুদিত ভাবেই রহিল, তিনিও এই ধিক্লারের দলভূক্তা ইইলেন, দেতারের অব্যক্ত ধ্বনির যথার্থ অর্থ এই। উভয়ে এইরপ ছল কৌশলে বছবিধ বাগ্বিভগু করিতে করিতে ইন্ছুমালিনী ছগ্যবেশধারিণী উন্মাদিনীর সঙ্গলাভের প্রসঙ্গও কুমারকে অবগত করিলেন এবং ওৎকালোচিত নানাবিধ আদিরসঘটিত সন্ত্রাযাদিতে কাল-য়াপন করিতে লাগিলেন।

বিংশ কুস্থম।

এখানে উন্নাদিনী সারা রজনী সরলা গরলা সহিত ই যবন মুবাকে নানাবিধ গান গুনাইয়া বিদায় প্রার্থনা করিলে, যবন যুবা আর একটা গান গাইতে অমুমতি করিলেন। উন্মাদিনী যে আজ্ঞা বলিয়া যামিনী বিগড়া দর্শনে ললিত সুরে গীতারস্ত করিল।

গীত। রাগিণী ললিত, তাল ঠেকা।

আমার পামর মন পরদারে কর আশা।
জান কি জানকী হরি দশাননের যে ছর্দ্দশা॥
ছুঃশাসন ছুঃশাসন, সভ্রাতা কীচক নিধন,

উক্তঞ্চ ছুর্য্যোধন, করি ফ্রৌপদী-লালসা। ইচ্ছা করি পরদাবে, দৈভ্যকুল ছারে খারে,

इेन्द्र रित अरनारत, खीव्छ नर्सास्त्र जुरा।

উন্নাদিনী এই গীতটা পাইয়া যাইতে উদ্যতা হইলে যবন যুবা কহিল, প্রিয়ে! তোমার তাললয়বিশুদ্ধ গীতে আমার মন এরপ বিমোহিত হইয়াছে যে, তোমাকে নয়নান্তর করা অন্তরে রাখিয়া অন্তরে রাখিতে একার অভিলার হইতেছে। উন্নাদিনী কহিল, মহাশয়! আমাকে সন্তরে রাশিবার অন্তরে লাগিবার সভীবের

প্রাহক যদি না হুইড, তবে আনন্দ-সাগরের প্রোতের
ন্যায় প্রোতার এই বাক্য-প্রোতে আমি প্রমানন্দে
মনোবেদনা নাশিতে নাশিতে আপনায় ধন্যবাদ ভাষিতে
ভাষিতে হাসিতে হাসিতে ভাসিতে ভাসিতে যাইভাম ।
ক্লেছ কহিল, সুন্দরি! ইহা হিন্দুমহিলার বক্তব্য বাক্যই
বটে, কিন্তু একবার বাইজীর সজ্জায় সুসজ্জিত হইয়া দৃত্য
গীত করিলে ভোমার হিন্দুধর্মের বিন্দুমাজ্ঞও ক্ষতি না
হইয়া বর্থ উভয়েরই মনোর্থ পূর্ণ হইতে পারে।

उचा मिनी अहे जकन छेक्ति खावरन मरन मरम ভাবিলেন, বুঝি নিভান্তই কুলে কলক্ষ ঘটল, গতিক कान नय, अकरन "यः शनायरक म कीविक" देखामि আলোচনার পর কহিলেন, আমার বিশেষ প্রয়োজন আছে, এক্ষণে বিদায় হই। এ দেখুন, মহাশয়, পূর্বা দিক পরিষ্কার হইয়াছে, যামিনী গমন করিলে কামিনীর আর থাকা উচিত নহে। এই বলিয়া উন্মাদিনী বেগে গমন করিতে লাগিলেন। যবন যুবা কৌতুকাভিলাষে छएकनार छारात अथनाकर्यन कतिन। उन्नामिनी ৰবনস্পৰ্শকাত কোধে প্ৰস্থালিত হইয়া উচ্চঃস্বরে কহিল! রে গুরাচার স্লেচ্ছ! তুই যেরূপ মহাপাপাচারী, ্এই দতে ভোর মন্তকে বদ্রু পতিত হউক। আনি অভি কুবুদ্ধির বশবর্তিনী হইয়া ব্যাপারিণীর বেশ খারণ করিয়াছিলান, হায় হায় ! আমি বে বেশে গুহ- নিৰ্মতা হইয়াছিলাম, একলে যদি সেই বেশাদি থাকিত, ভাহা হইলে আমার মেই করাল কুপাণ কি কোষে-তেই থাকিত? না ভোর এই অস্পর্নীয় অঙ্গে উত্তনাঞ্চে मश्राकिक बाकिक? এবং এই পর্ণীতল সধ্বাদিগের সীমনুত্বল হইতেই বা কি বাকি থাকিত? থাক খাক, আমি সন্তরেই ভোর গুরুতর ষণ্ডামি কাণ্ডের দণ্ড বিধান করিতেছি। উন্মাদিনী এইরূপ ভিরস্কার করিতে করিতে অঞ্চল ছাড়াইতে না পারিয়া পরিশেষে পরি-ধান-বসন পরিত্যাগপুর্বক ভোরণ-দ্বার লক্ষাে বেগ-খাবিনী হইল। সাহসিনী যদিচ এইরূপে যবনহস্ত-বিযুক্ত হইল বটে, কিন্তু লজ্জার হস্ত হইতে মুক্তিলাভ ভাহার পকে সঞ্কট হইয়া উটিল। জনসমাজে বিবসনা इ अग्रंग यद्ग मञ्जल विधादन कीवदन कीवनान्त कर्न षांनरम पिश-वमना मरतांवत-मभीरा क्राउटवरश श्रम-সঞ্চালন করিতে লাগিল।

প্রীরন্দাবলন্থ যমুনা-পুলিনে কেলিকদম্য ক্রমার চ জগংক্রাতা ভগবান্ প্রীকৃষ্ণ কর্ত্ব হৃতবন্তা গোপালনারা
যমুনার জলকেলিতে বিরতা হইয়া লজ্জা-কুঠিত অল ভলি
দারা যদ্রপে কুলোখিতা হইয়াছিলেন, ঐ চুকুলবিহীনা
কুলললনাও ভদ্রপে সরসীকুলে উপনীতা হইল। ঐ সরোবন্ধ-সোপানক-দেশে অলবতীনগরাগতা যে জ্রীলোকনি
ক্রিয়াছিল সে-সহসা ফ্রতগামিনী উলালিনী উমাদিনী

প্রায় উন্নাদিনীকে অবলোকন করিয়া বিশায়াস্তরে অভয় দান করত আত্তে ব্যক্তে আপনার পরিধেয় বস্ত্রাত্তি ভাহার অক্সে সমর্পণ করিল, এবং নেজের নীর মোচন ও বদনে বারি সেচন পূর্ব্বক নিকটে বসাইয়া মর্ম্ম অবগত হইতে লাগিল। মৃত্য-গীত-কারিণী ব্যাপারিণীকে দিগয়রী দর্শন ও স্পর্শন মাতে ঐ দাসীর হৃদয়ে যে অভাবনীয় অনির্বাচনীয় কভরূপ ভাবের আবির্ভাব হইয়াছিল, ভাহা প্রকাশ হইবার লময় অসমাগত প্রযুক্ত একণে অপ্রকাশ রহিল।

দীপিতাড়িত মৃগী যদ্রপ সচকিত্রিতে বেগধাবিনী হইয়া বনান্তরে প্রবেশপূর্বক অন্য মৃগীকে প্রাপ্তানন্তর স্বজাতিসমাগন-লিপ্সায় তাহাকে বীক্ষণ করিতে থাকে, উন্মাদিনী তদ্রপ ঐ শুশ্রমারতা ভুজিয়ার সঙ্গপ্রাপ্তি পূর্বক ভাহার অঙ্গ প্রত্যান্তর প্রতি বারংবার বিলোকনে বিশেষ বাধিত হইল। কিন্তরীকে ষতই দর্শন করিতে থাকিল, ততই তাহার অন্তরে অভূতপূর্ব আনন্দের প্রত্যুথান হইতে লাগিল।

প্রাসাদপৃষ্ঠে রাজপুত্র ও ইন্চুমালিনী উন্মাদিনীর
শঙ্কাকুলিভ ধানি আকর্ণন মাত্র সত্ত্রে সমীপস্থ হইয়া
কারণ প্রশ্ন করিলেন। উন্মাদিনী অকন্মাৎ ইন্চুমালিন নীর সহিত রাজন্দেনকে দর্শনে অতীব আশ্চর্যোগগনে
নুষ্ঠবদনে নীরব হইয়া শিপ্পিক্পিত-পুত্রিকাসম্বর্ধ **দণ্ডায়মানা রহিল। কুমার পুনঃ পুনঃ** চীংকারের হেতু জিজ্ঞাদায় উন্নাদিনী অঙ্গুলি নির্দেশপূর্বক কহিল, ঐ গুহে যবন যুবা আমার গান শুনিতে শুনিতে আমাকে ধরিয়াছিল। রাজকুমার উন্নাদিনীর বাকে। হাসিতে হাসিতে ক্রভবেণে উহার দর্শিত গৃহে উপ-স্থিত হইয়া দেখিলেন যে, বিচ্যুল্লতা স্লেচ্ছ পরি-চ্ছদ পরিভাগে করিতেছে। তথন কুমার বিহালতার হস্ত ধারণপূর্বকে কহিলেন, ভোনরা দকলে শীভ্র আগত হও আমি যবনকে ধরিয়াছি, ইনি এক বার ইন্ফুমালিনী হরণ করিয়াছিলেন, আবার অদ্য উন্মান निनी-इंद्रापंद উপक्रम कदिशाष्ट्रम, डेहाँक महादाष्ट्रद বিচারালয়ে লইয়া যাইব। তথন সকলে তথায় উপ-ক্ষিত হওয়াতে বিহ্যলতা অতিশয় ব্রীড়াবিত। হই-লেন। কুমার কহিলেন সুন্দরি! এ বেশ বেশ, এরূপ মোহন মূর্ভি আর পরিত্যাগ করিতেছ কেন? আনি তোনার ভৈরবী ইন্তুনালিনী ও বিয়ালভা প্রভৃতি जिन और पिथलान, इराट मननसाहिनी ति রভি-তুল্যও নছে। তোমার এই পরম পুরুষবর নবীন যুবন্কিশোর কান্তিটী বিধাতার দর্শনপথে পতিত হইলেই ভিনি কামদেবের কুমুম কার্মাক ও পঞ্চশর গ্রহণপূর্বক ভোমার করে সমর্পণ করিতে আর কালবিলয় করিতেন ना। दाव दाव! जशनीयत यनि जानाटक तमनी तुजन

করিতেন, তাহা হইলে আনি এই অলোকসামান্য প্রিয়দর্শন অবয়বের শ্রীচরণাশ্রিতা হইয়া নাথ সংঘাধনে
রসনা ও বাসনার পবিক্রতা প্রতিপদ্ম করিতান। কি ছার
এই হিন্দুধর্মা ও কিসেরই বা কুল! আনি দেবকন্যা হইলেও তোমাকে আমার এই স্থান্য-রপে আরোহণ করাইয়া মর্ভলোকেই স্থান্তাগের অধিকারিণী হইতান।

কুমার বিহ্যলভাকে এইরূপ বলিভে বলিভে ইন্ফু-मानिनीत প্রতি কটাক্ষপাত করিয়া কহিলেন, প্রিয়ে! তোমাকে সহস্র সহস্র ধন্যবাদ করিতেছি যে, এই ভীষণ ্তরস্রাজিবিরাজিত যবন্যমুনার তুফান হইতে এই ভরুণ কুলতরণী উত্তীর্ণ করিয়াছ। এই স্লেচ্ছপ্রোতে অমূল্য-নিধিপূর্ণ তরণী নিমগ্ন হইলে ভোমার যৌবন-ধন অফুল পাথারে নিপভিত হইত। ইন্তুমালিনী বিজ্যলভাকে দেখিয়া ভাঁহার অমানুষিক শক্তি উন্নয়ন করিয়া ভাঁহার সুশোভন কান্তি একদৃষ্টে নিরীক্ষণ করিতেছিলেন। ভিনি কুনারের ধন্যবাদে সম্ভট। না হইয়। কুমার বে চাটুপটু বাকো বিছালতার গৌরব রুদ্ধি করিভেছিলেন ভাহাতেই একেবারে প্রদীপ্ত ক্রোধের আধার হইয়া কম্পিত এঠাপর ও নাসাপুট হইতে দীর্ঘ নিঃশ্বান নিপাতিত করিতে লাগিলেন। পরে অনেক কটে সৃষ্টে ধৈর্য্যের সাহাব্যে কুমারের প্রতি অপ্পে অপ্পে कहिएक लाशित्वन, इ यदनक्षांदक! आश्रेनात आंत

এভাধিক আক্ষেপ করিবার প্রয়োজন নাই। কারণ জগদীশ্বর ইহাকে পুরুষ সৃজিতে বিস্মৃত হইয়া ভাহার বিনিময়ে বারবিলাসিনীরূপ সৃষ্টিতে সৃষ্টি করিয়া ভিনি তাঁহার ভ্রম সংশোধন করিয়াছেন, হে লম্পটবর ! আপনি পরম পবিত্র পুরুষ-রতম হইয়া যখন কামিনী হইতে একান্ত কামনা করিতেছেন, তথ্ন আপনার ছুরাশা যে পরিসীনায় কত প্রবলা তাহা বলায় এ অবলা নিভান্তই ছুর্বলা। আপনি মোহিনীরূপে এ মহীতে অবতীণা হইলে পুরুষনাত্রেরই কাম-কলাপ-আলাপিনী হইরা সমস্ত কুললননাদিগের স্বামী-উৎসবের ভীক্ষাগ্র ক্টিকিনী হইতেন। উন্নাদিনী চন্ৎকুত্চিত্তে বিদ্যালভার প্রতি নেত্রপাত করিয়াছিলেন, একণে উভয়ের মাধুর্য্য চাতৃযোর সুরুচির বচনরচনা ভাকর্ণপুর্বক কহিলেন, মহাশ্রা আপনারা যে সভার সভা, সে সভাতে আর চাটুকার বা ভাঁড় किংবা কৌতুকবাদী অথবা বছরূপী প্রস্তৃতি থাকিবার কোন আবশাক নাই।

সরলা গরলা সত্বরে উন্নাদিনীর ও মহিবীর সেবিকার খণ্ড বস্ত্র পরিত্যাগ করাইয়া উত্তনাম্বরে কলেবর সংবরণ করাইয়া দিল। মহিবীর পরিচারিকা রাজকন্যার অলৌ-কিক চাতুরীর ভূয়দী প্রশংসা করিতে লাগিল। রাজ-পুত্র উন্নাদিনীকে কহিলেন, উন্নাদিনি! তুমি কি অভি-লাবে ও কি উপায়ে অত্র হলে সমাগতা হইলে! উন্না- पिनी कहिल, आमि इन्छ्यालिनीत अञ्चनस्रादन घुष्टि-লথের ব্যাপারিণী হইয়া ছল্লবেশে এই স্থানে উপস্থিত হইয়াছি। আমার দৈনিক পুরুষের পরিচ্ছদ ও বায়ু-গামিনী অশ্বিনীদ্বয় কুসুমপুর নগরীর হটশালায় সুরক্ষিত আছে। রজনীতে ইন্ফুমালিনী যদি মুক্তি না পাইতেন ও অদ্য আপনার সহিত সাক্ষাৎ না হইত, তাহা হইলে আনি ভাহাকে লইয়া এত ক্ষণ কত দুর গমন করিতে পারিভাম। বিহ্যুলভা উন্নাদিনীকে আপনা হইতেও প্রত্যুংপর্মতি ও সুচতুরা বিবেচনায় তাহাকে পুনঃ-পুনঃ নিরীক্ষণ এবং অঞ্জ-কর্মণ-কালের বাক্যগুলি স্মরণ করিয়া চমংকৃত্চিত্তে মনে মনে ভাহাকে অগণ্য ধন্যবাদ করিতে লাগিলেন। কুমার উন্নাদিনীকে বছবিধ প্রশংসা করিয়। কহিলেন, উন্নাদিনি! যিনি ভোমাকে পরিধেয় বস্ত্রাদ্ধি সমর্পণ করিয়াছিলেন, উনি ভোমার কে হন? উন্নাদিনী কহিল, উহার সনে আনার কোন আলাপ নাই, তবে শুনিয়াছি উনি স্মাপনার জননীর দাগী। কুমার নাভার কিন্ধরীর প্রতি চৃষ্টিপাত করিয়া ঈষৎ হাদ্যের সহিত কহি-লেন, মাতৃস্থি! এ কণে তোমাকে আর বয়স্য বনিয়া সম্বোধন না করিয়া ভোমাকে স্থী সম্ভাবে ডাকিব। মল্লিপুত্র কহিল, পুর্বেই ত আনাদিগের এই প্রামর্শ ছিল যে, আপ্নার আদিবার পুর্বের আমি

বে কোন উপায়ে হউক চিতরঞ্জনোদ্যানে উপস্থিক ছইব, ইহাতে আর আমার অপরাধ কি? রাজবালা ন্ত্রীবেশধারিণী মক্ত্রিপুত্রের প্রতি চৃষ্টিপাত করিয়া चार्तथाथात्र इहेत्नन। मिळिनन्त्रत्व मरनारमाहिनी বেশ দেখিয়া সকলেই প্রশংসা করিতে লাগিলেন। উন্মাদিনী মক্তিপুত্রকে বিলোকন মাত্র লজ্জায় পলায়-तामाडा हरेल हेन्द्रमानिनी डेहांत हल थांत्रभथ्यंक कहित्नन, शूर्व विनिनीत विभ मिथियाह, अना ताङ-মহিষীর দাসীর বেশ দেখিয়া নয়ন সকল কর। মান্ত্র-পুত্র কহিল, উনি আর এক দিন বটরক্ষমূলে আমার পদ্ধবিলেপিত কলেবর দেখিয়াছেন, এ কণে আপনা-मन्दर्भन इहेरनहे कुछकुडार्थ हहे। तांक्ष्युक कहिरनम, দেখ, ক্ষুধাতুররুদের বদনে ওদন, তৃষ্ণাতুরগণের প্রতি वाति, ও দিগবাসদিগকে বস্তাদি সম্প্রদানে নহভেরা वमाना नात्मत अधिकाती इहेग्रा थात्कन, किन्छ नथा, তুমি উলাঙ্গিনী উন্মাদিনীকে ৰস্ত্ৰাদ্ধি প্ৰদান করিয়া বদানা নামের বিনিময়ে লজাবাসদানের কলভোগী হইয়াছ, ইহাতে ভোমার আর হরিদ্রাক্ত-কলেবর হই-ষার প্রতিবৰ্শনাই, অচিরেই আশা সফল হইবে। মক্তি-নন্দন কহিল, কুমার! এ অধীনের প্রভুভজ্জির ফলেই এক याजात नम कन कलिटन। जेजामिनी अञ्चित्र ज्ञाविडा ছইয়া নভশিরে ইন্ফুমালিনীর পশ্চাৎ ভাগে দভায়মান হওয়াতে অসিত পক্ষের অইমী বা নবমীর চন্দ্রের পশ্চাৰভী ধ্ৰুব ভাৱার ন্যায় শোভা পাইতে লাগিল। রাজবালা কহিলেন, এ কণে অপবতীর অপনাকেই খন্যবাদ করিতে হয়, যেহেতু আমরা ললিভ রাগিণী নিপ্রিত গীতাদি আকর্ণন দারা কর্ণকুহর সুশীতল করিভেছিলাম, উনি মূর্ত্তিমতী ললিত রাগিণীকে দর্শন ও স্পর্শন করিয়া সর্বাক্ত সুশীতল করিয়াছেন। মস্ত্রিনন্দন কহিল, ঈশ্বরি! আপনার চরণ-প্রসাদে কি না ছইতে পারে, আমি ত সামানা ললিভ রাগিণী দর্শন স্পর্ণন করিয়াছি, আনাদিগের প্রভু আপনার অনু-গ্রহে কৈলাসবাসিনী অরণ্যেশ্বরী ভৈরবী রাগিণীর অনুরাগ-ভাজন হইয়াছেন: অভএব ঈশরি! এই ধরা-মণ্ডলে আপনিই ধন্যা। কুমার কহিলেন. চোরের ধন চুরি করিতে যে ব্যাপারিণী সাজিয়াছে, আমি ভাহাকেই धनावान कति। हेन्छ्रमानिनी कुबात्रक कहित्तन, अग्नि शुगांकत, आमि गकलारक छ छित्र छित्र माख माजिएक प्रियोग, এ करन वाशनांत अकति माक्रा पिथितार नग्न मन চরিতার্থ হয়। কুমার কহিলেন, প্রিয়ে! আমার সাজার আর বাকি কি? আমি ভোশার জন্য নানা হলে নানাস্থানী হইয়া माना गांका शाह्याहि। इंन्छुगानिनी कहित्तन,

কুমার! ওরপা সাজা বিষয়ে আমারও ত্রুটি নাই, আমি অদ্যাবিধিও কারাক্তক ছিলাম, যবনবেশী রাজবালা বিহালভার অসুগ্রহে এইমাত্র মুক্তি লাভ পাইয়াছি। এই বলিতে বলিতে ইন্দুমালিনীর পরিপ্লব
নয়নযুগল সজল হইয়া উঠিল। ভদ্দানে বিহালভা ইন্দুমালিনীর ছইটি হস্ত ধারণপূর্মক বিবিধ বিনীত
বাক্যে অসুনয় করণানস্তর তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা
করিলেন। বিহালভার এইরপ মঞ্জু ভাষার ভোষামোদে তাঁহার ওঠাধর বিকম্পিত হইয়া ভিনি স্থিমিতনয়নে ধারা এবং মনস্তাপের সহিত নিঃশ্বাস নিপাভিত করিতে থাকিলেন। ইন্দুমালিনীর ভাব ভক্ষি
দেখিয়া বিহালভার শারিকা পক্ষিণী কহিতেছে।—

কিসে কারারোধ, কেন কর কোধ.
আছ ত দেবী-সমান।
বনে উন্মাদিনী, পড়ে একাকিনী,
দুর্য্যোগে বাঁচালে প্রাণ॥
বিনা গুহে গতি, যা কর আরতি,
সরলা গরলা দাসী।
সাধে সেই কাজ, সুংখতে বিরাজ,
বিধু-মুখে মধু হাসি॥
হে ইম্ফুমালিনি! অধ্যা-্শানিনী,

ছিলে অশেষ বিশেষে।

किन्दु जब रहजू. এ विअग्नरकडू, गर्भ। मर करन कारम ॥ সজ্জিত যবন, করি দরশন, মুচ্ছিতানা সরে ভাষা। ट्रिंतित्व नियोद्यः, পড़िट्ड अमोद्यः. ছাড়িতে প্রাণের আশা॥ ভয়করাকার, হেরি সবাকার. কুমার যে শ্বাকার। ধন্য বিহালতা, নিষাদে বশভা, করিল ছাডি হকার॥ निविष् विकारन, जिनित्य कानत्न. এই চক্ৰাননে পায়ে। বাঁচায়ে পরাণ, বদেশে প্রয়াণ. করিল গোপন হয়ে॥ সিঞ্জি জলনিথি, উপজিয় নিধি. সঁপিল করে ভোমার ! ख्तू इन इन, त्माज वरह इन. বদন-ক্ষল ভার ॥ यों द्र कृशात्मरम, शृश्वादम वतम, व्यक्तां थार्ग्यं भारता। সেই রিছালভা, কভ সরলভা,

श्रद्ध स्थ भन्ना ज्राज्य ॥

একবিংশ কুসুম।

এমত সময়ে ধনপতি সাধুর সহিত রাজা বিক্রম-কেশরী তথায় উপনীত হইলেন। সহস। নহারাজের আগমনে বিছ্যুলভা প্রভৃতি সকলে লুফ্লায়িত হইতে লাগিল। ধনপতি সাধ্ ইন্দুবালিনীকে আহ্বান করিলে তিনি অতিত্রস্তভাবে আসিয়া পিভাকে সভা-জনপূর্বক তাঁহার চরণে প্রণতা হইযেন। ধনপতি इन्फुर्गानिनीटक मसुविशानस्त्र भहातारस्त निरक অমূলি নির্দেশ করিয়া কহিলেন, বংগে! ভোমার পিতার শীচরণে প্রণতা হও, ভোষার প্রস্থৃতি এই মহারাজের প্রধানা মহিষী ছিলেন। তিনি তাঁহার পিতালয়ে তোমাকে প্রস্ব করিয়া অকালে कदाल-काल-कदाल कदिन्छ। इहेग्रा मानवलील। मःद-রণ করেন। আমি তৎকালে ভোমার মাতানহের कांचांभाक हिनाम। अठना-नामी आंगांत महधर्मिंगी উন্নাদিনীকে প্রসব করিয়াছিল, আমি ভোমাকে তন্য ত্ত্ব পান করাইবার কারণ ভোমার মাতামহের ও মহারাজের অনুমতিক্রমে আপন বাটীতে আনয়ন করিয়া অকুত্রিম অপভালেহে এ পর্যান্ত ভোমাকে পরিবর্দ্ধন ও প্রতিপালন করিতৈছিলাম। ভূমি কোন-क्राप्प ठिखिडा इहेरन बहे निस्न्वाग्न ब नकन इडांख

ভোমার নিকট গোপনভাবেই রাখিয়াছিলাম। বৎমে ইন্ফুমালিনি! আমন উন্নাদিনী অপেকা ভোমাকে সহত্র শুণে ব্দেহ করিয়া থাকি। আমরা ভোমাকে হারা হইয়া শণিহারা ভুজজ ভুজজিনীর নায় অভিশয় চঞ্ল-চিত্তে দিগুদিগভরে লোক প্রেরণ করিয়াও সুস্থির হইতে না পারিয়া অবশেষে উন্নাদিনীকেও তব তত্ত্বে প্রেরণ পক্ষে বাধা হইলাম, এবং তোমার অদর্শনে আহার নিজা পরিভ্যাগ করিয়া এই ব্লু অবস্থাতে আপনিও কুসুমপুর নগরীতে উপস্থিত হইয়াছি। আয়ি তোমার সমস্ত রভান্ত হটুশালান্ত অশ্বপালের মিকট অবগতিপুর্মক ভোষার পিতার স্থিধিতে সমস্ত বিদিছ করিলাম। মহারাজ ভক্তবধে বিশ্বিভচিত্তে তৎক্ষণ্ড দরলা প্রলাকে ডাকাইয়া ভাহাদিলের প্রমুখাৎ সকল ৰাপোৰ বিদিত হওত আংলাদিত হট্যা তেখাকে कामी साम कदिएक कार्यमहासमा विदाय केन्द्रमा লিমি! একণে আমাকে আর পিতৃসম্বোধন কবিছে স্টুবে না, অদা ভোমার পিভাকে পিড: বলিয়া চলু-नामद श्रीवज्ञानः ও দেহের সক্ষান্ত। সম্পাদন কর। মখন মাত। বলিতে বাসনা হইবে, বংসে! তথন এই নহার:জের দিভীয় মহিষীকে মাতা বলিয়া ডাকিও, অথবা পর্মপুরস্থ দেই কাজালিনী জুঃখিনীকে স্মরণ করিয়া উক্ত সংঘাধন করিও। কুমারি! আমি ধনে

ও নামে ধনপতি হইয়া অদ্য তোমা-ধনে পরি-বঞ্চিত হইলাম।

ধনপতি এই বলিয়া ধরাতলে উপবেশন ও ধরা भारतभूक्षक मूक्ककर्ण द्यापन क्रिएंड नाशितन। ইন্ফুমালিনী মহারাজের চরণে প্রণামানস্তর নতশিরে म्खायमाना इहेया तहित्तन। कनाविश्मन महातोङ ইন্ফুমালিনীর দিকে চৃষ্টিপাত না করিতে করিতেই ভাঁহার নেত্রযুগন হইতে বাষ্প্রধার। বিগলিভ হইতে লাগিল। মহারাজের এই স্নেহ-সম্মিলিক আনন্দাশ্রু-পাতের সহিত শোক্ষিক্সর বারিধারাও বিশ্রিভ হইতে লাগিল। তিনি যতই কুমাবীব কমলানন নিরীক্ষণ করিতে লাগিলেন, ভভই ভাঁহার দীর্ঘ নিশাদের সহিত অধিকাংশই শোকসূচক নীর-भारा निপ्र छि हरेए नागिन। श्रेरत किश्निर देश्या শারণ করিয়া ধনপভিকে সান্তুনা করিয়া কহিলেন, সাধু ! ত্মি সাধু, এ কন্যারত্ব ভোষারই যথার্থ, আমি নামে ৰাত্ৰ পিভা। এই বলিয়া বিহ্যুলভাকে নিকটে আহ্বান করিলেন। বিছাল্লভা গললগ্লীকৃতবাস। হইয়া পিভার भाषाचन्द्र रन्त्र। कतित्वन । সत्ना अत्ना अत्ना अर्ना রাজকে প্রণভা হইয়া ধনপতির শুশ্রেষা করিতে नाभिन। महादाज हेन्छ्रमानिनीत्क विद्यास्त्रांत रूट्ड সমর্পণপূর্বাক কহিলেন, বৎসে বিহ্যালভে! ভূমি ইন্ফু-

মালিনীকে যথার্থ সহোদরা ভন্নীর ন্যায় ভাবিও।
পরে ইন্ফুমালিনীকে কহিলেন, বংসে! তুমি বিচ্যান
লভাকে মাজুগর্ভনাত স্থলার সদৃশ সন্দর্শন করিও।
স্বয়ং বে রাজকন্যা ভাহা ইন্ফুমালিনী এক মুহূর্ত্তের
নিমিন্তেও জানিতেন না, অদ্য আপনার পরিচয় ও
পিতাকে প্রাপ্ত হইয়া অভিশয় অভিমানে অনিবার
অঞ্চধারা বর্ষণ করিতে লাগিলেন। তিনি বিচ্যুল্লভার প্রতি
যভই দৃষ্টি নিক্ষেপ করিতে লাগিলেন ভভই ভাহার
অভিমান দিগুণিত হইতে লাগিল। বিচ্যুল্লভা আপনার
দোষ ফালন অভিলাষে ইন্ফুমালিনীকে আলিফ্রনপূর্মক
অপরাধের পরিত্রাণ প্রার্থনা করিতে লাগিলেন। উন্মান
দিনী মহারাজ ও পিভার চরণে প্রণিপাত করিল।

পরে শুভ লগ্নে রাজপুত্রের সহিত ইন্ট্নালিনীর ও মন্ত্রিপুত্রের সহিত উন্মাদিনীর শুভ বিবাহ সম্পন্ন হইলে রাজপুত্র বিত্যুল্লভা ও ইন্ট্নালিনীকে লইয়া অজবভীতে প্রভ্যাগমনপূর্বক পরম সুখে কাল্যাপন করিতে লাগিলেন। মন্ত্রিপুত্রও উন্মাদিনী সহকাবে অজবভীব বার্টীতে আসিয়া পূর্ববং রাজপুত্রের সহ সহবাস করিতে থাকিলেন। মহারাজ রাজকার্ন্যে প্রব্রুভ ইইলেন। ধনপতি ধর্মপুরুভ ইইয়া শ্বীয় পবিবারকে সমস্ত অবগত করিলেন। নিষাদগণ প্রার্থনাধিক শুর্ব পাইয়া মহানন্দে মহারণ্যে প্রস্থান করিল।

কিয়ৎ কাল পরে মহারাজ বীরবর পুত্রবধূছয়ের গর্জ জাত তুইটী বালকের জাতক্রিয়াদি সমাধানপূর্বক বিজয়-কেতুকে যৌবরাজ্যে অভিষিক্ত করণানন্তর এক পরম জানী পরমহংলের বক্তৃতা প্রবণ করিয়া মহিষীর সহিত তপোবনে আশ্রয় লাভ করিলেন।

পরমজানী পরমহংদের বক্তৃতা।

নমঃ নিত্য নিরঞ্জন চিত্তচারণ। ন্মঃ সভ্য সন্তিন ভত্তকারণ ॥ মনঃ বিশ্ববিকাশক বিশ্বপালন। নমঃ দর্পহারি হরি দস্যুদলন॥ নমঃ অন্ত-আদি-হীন প্রান্তবারণ। সুধাসিক্র-সুথাকর সর্বতারণ॥ নমঃ সত্রজঃভমঃ সংজ্ঞা-ধারণ । হয় সৃষ্টি স্থিতি লয় ইচ্ছা কারণ।। বট সর্বব্যাপি নহ নেত্রে সাকার। আছ স্পৰ্শি মবে নহ স্পূষ্ট কাহাব॥ হের সর্বা ভূতে ধর সর্বা জীবন। নমঃ উদ্ভম পুৰুষ নিত্য পাবন॥ তব আজা শিরে ধরি চন্দ্র তপন। भाकि मृना शर्थ करत जाि अर्थन ॥

হয় আজাবহ এই বিশ্ব জ্বন। ধরা অগ্নি উদকাদি শুন্য প্রন ॥ দিবারাত্র দণ্ড পল পক্ষ অয়ন। প্রাতঃসন্ধ্যা আদি করে নিভা ভ্রমণ !! कीत करू कि कानन कक्ष्म दन । আছ ভিন্ন রূপে ঢারু ভিন্ন শোভন দ গিরি গুলালভা ভরু পল্লবগণ। করে পুষ্প ফলে তব অর্ঘ অর্পণ। হয়ে পক্ষিকুল ভব তত্ত্বে মোহিত। বিসি রক্ষ'পরে করে সুন্দর গীত ॥ কিব। ভাগ্য আছে প্রভু অর্চি ভোমায়। একে মূচমতি গতি-বঙ্কিত ভায়॥ নাহি ভত্নজান, মন মভ বারণ। পাপপক্ষে ধায় নাহি গ্রাহ্যে বারণ। করিকুম্বে ছিল মুক্তি-মুক্তা-রভন। বিনা যত্নে রত্ন হয় পঞ্চে প্রতন ॥ রিপ্র-শক্ত-করে কেবা রক্ষে আমায়। পড়ি শঙ্কটে শঙ্কিত কম্পিত কায় ॥ হয়ে অন্ধ অন্ধকুপে বন্দি এখন। দীনে ছুস্তারে নিস্তার বিস্নহরণ ॥

চতুর্কিধ ভূতগ্রাম উপলক্ষে আত্মশাসন করিতেছেন।—

হে জীব! তুনি হল্ল ভ মানব দেহ পাইয়া এই স্থিব দিল্ধান্ত করিয়াছ যে, পরন কারুণিক পরন পিতা জীব-রাজির মধ্যে অত্মদাদিকে সর্বোৎকৃষ্ট সৃষ্টি করিয়া তাঁহার গুণান্তুকীর্তুন বিষয়ে যত্ত্বান্ হইবার জন্য অত্মদাদিকে বাক্শক্তি সম্পুদান করিয়াছেন। হায় হায়! বন্ধমূল এই অহংকারটা আনাদিগের সর্ব্বনাশের আকর ও পাপ-পাবকের অনিল-স্বরূপ হইয়া আনাদিগকে ঘোরতর নরকাভিমুখে নীয়নান করিছেছে। জরায়ুজ্ল অগুজ স্বেদ্জ উদ্ভিক্ষ এই চতুর্বিধ ভূত্প্রাম হইতে মানব-গণের শ্রেষ্ঠত্ব শাস্ত্রে কথিত থাকিলেও ভাহার কিঞ্ছিং ভারত্ন্য আছে।

যথা—আহার-নিদ্রা-ভয়-য়মধুনঞ্সামান্যমেভৎ পশুভি-নরাণাম। ধর্মো হি ভেষামধিকো বিশেষঃ, ধর্মোণ হীনাঃ পশুভিঃ সমানাঃ॥

অভএব হে জীব! ধর্মজ্ঞান ব্যতীত আমর। কোন ক্রমেই পশুদিগহইতে উৎকৃষ্ট হইতে পারি না, যেহেতু আহার নিদ্রা ভয়াদিতে আমরা পশুদিগেরই তুল্য।

মানববর্গ নানাবিধ শাস্ত্র শিক্ষা ছারা বিশেষ জ্ঞানা-প্রল হইয়াও যেরূপ কুৎসিত কার্য্যের পর্যালোচনা,

लाकनिन्मनीय अलोकिक आठात, कमर्या गाउरात ও ধর্মের মর্মছেদি কর্ম সকল করেন, ভাছার ভিলাদ্ধও ব্যরায়ুকাতপশুপুঞ্জে প্রতীয়মান হয় না। পশুগণ বিনা শাস্ত্রামুশীলনে যজপ ইন্সর্গিক আচারের আত্তিত, মমুষ্যগণকে ভাহার সহস্রাংশের একাংশও আগ্রেয় করিতে দেখি না। মাভদ্দ, তুরদ্দ, কুরদ্দ, উচ্ট্, ভল্ল, ক, भाषामुशामि करप्रकृषी शक्ष भाज्यकान वाजीज देनमर्गिक বোধবশতঃ যেরূপ প্রভৃতক্তি দর্শাইয়া থাকে, নরব্লনেতে ভাহার অধিকাংশই অভাব। সিংহ, শার্দ্ধিল, বিরদ, ঋক, গো, মহিষ, গোমায়ু, শ্বা, মজ্জার, বরাহ, বানর ইত্যাদি জন্তগণ যুদ্ধবিদ্যার বিন্তু বিসর্গও বিদিত না থাকিয়া স্বভাবতই যাদৃশ রণপণ্ডিত, বিগ্রহবিদ্যাবিশারদ নর-ব্লন্দরা দে পাণ্ডিভ্যে কুঠিভ। দেখ জীব! দিংহ স্বভাবভঃ স্বীয় বল বিক্রম বিস্তার দারা অপরাপর চতুস্পদপুঞ্জকে পরাজয় করত অরণামণো একাণিপতা সংস্থাপনপূর্মক পশুরাজ নামে বিশ্ববিধ্যাত হইয়াছে, এবং মৃক্তি-কামনায় মুক্তিদাত্রী জগদ্ধাত্রীর বাহন নামে জগভে ঘোষণা রাখিয়াছে; আর হরিণ ফেরু গো ছাগ মেষ বরাহ বানর মহিষ ইভ্যাদি জন্তগণ ধর্ম ও নীতি শাস্ত্র অনভিজ্ঞ হইয়াও স্বভাবদিদ্ধ স্ব স্ব জাতির পরস্পর প্রণয়ে বে-क्रभ नवरक रहेश कावयाशन क्रिड श्रांटक, नानाभाञ्च-পারদর্শী নীভিবিশারদ মানবংখনিতে ভাছার স্থান

সংখ্যাও ভৃষ্টিগোচর হয় না। মনুষ্যমাত্রেই এক একটা উপায় অবলম্বন দ্বারা অর্থ সংগ্রহপূর্বক প্রকাশ করেন যে, আনরা উদরপূর্ত্তির নিমিত্ত উপাক্ষ ন করিয়া थाकि, किन्नु ভাহা नाममाब, धेर्यग्रामानी शहेरात মানদেই সকলে অর্থের আরাধনায় মন্ত। কেহ কেই ঐ অর্থের আয়তকরণে এরপ মত্ত যে লোকাচারবিরুদ্ধ, ধর্ম-বিগহি ত—অপিক কি, কেহ কেহ বিশ্বাসঘাতকতা ও মন্তব্যের মৃত্যুসাধন প্রভৃতি গুর্নিবার নরকাকর নহৎ পাপকে বাণিজ্যমধ্যে পরিগণিত করিয়াছে। চতুষ্পদদিগের উপাজ্জন ক্ষরিবৃত্তি ব্যতীত এখর্ব্যজনক নহে। পশুদিগের টমপুনাদির নিয়মও অভি চনৎকার। গাভীগণের সঙ্গনাকাজ্যাধ্বনি ব্যতীত হাম্মার্ব নাত্রেই ষণ্ডেরা উহা-पिटशंद मिनिधिट धारमान इस ना। <ाटि माटि नर्द्धा है গাভী ষণ্ড একত্র বিচরণ করিতেছে, কিন্তু তাহাদিগের মনে তথন সে ভাবের আবিষ্ঠাব কোপায় ? বিশেষ, গর্ভিণী গো সকলকে ব্রষেরা সততই পরিত্যাগ করিয়া থাকে. এবং ঐ অন্তঃসত্ত্বা পয়ন্বিনীগণও সত্ত্ব-লালসার ভাব ভঙ্গি ও রবাদি বিশা ভ হইয়া তৎকালোচিত আচারে ঐ ব্রষগণ-সহকারে তৃণাদি চর্কা করিতে থাকে। এইরূপে অনেক পশুই প্রায় নিয়নে নিবদ্ধ আছে। কিন্তু হে জীব। বছশাস্ত্র-বেতা পণ্ডিতাভিনানী মানবভোগিতে এ বিষয়ের অধিক অভ্যাচার দেখিতে পাওয়া যায়। এ বিষয়ে মহিষ্দিগের

একটী আশ্চর্য্য ঘটনা উল্লিখিত আছে। কোন মহিষ-পালক তাহার মহিষীর ষক্ষম-সময় জানিয়া অন্য মহিষ অভাবে ঐ মহিষীর গর্ভজাত প্রাপ্তবয়ক্ষ মহিল্ছের গাত্রে কর্দ্দম লেপনানস্তর রূপাস্তর করিয়া সেই সঙ্গমকার্য্য নির্ম্বাহ করাইতেছিল। নহিষী ঐ মহিষের অভ্যের প্রাণ ও লেহন দ্বারা আপন বৎস জানিতে পারিয়া ক্রোধের সহিত ঐ মহিষপালককে আক্রমণ করিয়া শুদ্যাঘাতে এরূপ ক্ষত বিক্ষত করিল যে, মহিষ্দ্রক্ষক তাহাতেই পঞ্চত্ব প্রাপ্ত হইয়া মানবলীলা সংবর্শ করিল।

চতুপ্সদপৎক্তিতে আরও অতি আশ্চর্য্য নিয়ম আছে।
ইহারা এরপ অপত্য-স্নেহের বশবর্ত্তী যে সদ্যোজাত
বংসের দর্শন ও লেহন ছারা আপনাদিগের প্রসবন্
যন্ত্র্যা বিন্দৃত হইয়া বায়, এবং বংসের নিকটে অন্য
জন্তু বা মানবগণ উপস্থিত হইলে "আমার বংসকে
লেইবে বা আঘাত করিবে" এই বোধে ভাহারা বংসের
সমিধানস্থ ব্যক্তি বা জন্তুদিগকে ছল্পারের সহিত আঘাত
করিতে উদ্যতা হয়। কিন্তু নরপ্রেনির অনেকে ধনলোতে
সেই অপত্য-বাৎসল্যে পরাষ্মুখ হওত সন্তানের
মনতা তিরোহিত করিয়া নন্দন-নন্দিনীগণকে অপরের
নিকট বিক্রয় করিয়া, সেই অর্থে অলক্ষারাদি গঠন,
প্রিক্ষদাদি ক্রয়, গৃহাদি নির্মাণ, ও ভোক্নীয় পানীয়

ও আমোদীয় জ্ব্যাদি ক্রয় করিয়া বন্ধু বান্ধব সহিত সম্ভব্যে সদানকে কালাভিপাত করিয়া থাকে।

অভএব হে জীব ! এই সমস্ত নীতিবিগহিত ক্রিয়া দারা ভাহারা কিপ্রকারে সর্মপ্রাণীর শ্রেষ্ঠত্বপদ প্রাপ্ত হইতে भारत ? (नथ के मकल कमुशरणत विवान, नगत, नथत, অস্থি, মজ্জা, স্নেহ, রস, রক্ত, মেদ, অজিন, লোম, জিহ্বা, লাজ্ল, নাভি, মুক্ষ, বিষ্ঠা, মূত্র ইত্যাদি দারা নরবন্দের যেরূপ ইফ সাধন হইতেছে. মনুষ্য দারা উক্ত পশুদিগের বা মনুষ্যদিগের সেরূপ উপকার কোথার ৷ বদিচ লে:ন কোন জন্ত মৃত মন্তব্য থাইয়া থাকে বটে, কিন্তু ভাহা প্রাণ্ডিও অভিচুন্ধর: হিন্তুভোণিত সমস্ত লোক মৃত দেহ দহন করিয়া ভন্মীভূত করিয়া ফেলে, ষৰন ও ইংরাজ জাতিবা শব সকলকে মৃত্তিকাভান্তরে প্রোথিত করিয়। রাখে, এবং অম্বদাদির মধ্যেও কেছ কেছ মুতের প্রতি এরপ আচরণ করিয়া আমাদিগের खाउँ।न खथाञ्चभारत के खारन गगाक नारय मन्द्रितानि নির্দাণ করিয়া রাখে। তবে যদি কোন কারণে কোন প্রেশির শবাদি অরক্ষণীয় ও পতিত হয়, তবেই ঐ জন্তুরা খাইতে পায়। ব্যান্ত ইত্যাদি জন্তুরা যদিচ দীবিত মনুষ্য मुख कतिया जारात त्राक्त माध्मानि थारेश पारक तरहे, ভথাপি পশুদিগের দারা যে বছবিধ মহোপকার হয় ইছা অবশাই স্বীকার করিতে হইবে। জন্তুগণ মুক্তিকামনায় দেবতাদিগের বাহন হইয়া পশুদ্ধমের সার্থকতা সম্পাদন করিয়াছে; যথা, বিরূপাক্ষের রুষ, সূর্য্যের অশ্ব, চন্দ্রের মৃগ, ইন্দ্রের বারণ, যমের নহিষ, শীতলার গর্মভ, ষপ্তীর নাজ্জার, গণেশের মৃষিক, ইত্যাদি; এবং সিংহ শৃকর শুগাল গাভী ইহার। স্বয়ংই দেবত্ব প্রাপ্ত হইয়া জনগণের ন্নস্য হইয়াছে। অত্রর পশুপ্রেণি হইতে জীব! তুমি কোন ক্রমেই উৎকৃষ্ট নহ।

অওজোপলক্ষে আত্মশাসন।

হে জীব! অগুজন্তেণি-নধ্যেও নিত্রতা একতা শীল্ডা বিপ্রহ অপত্যমেহ খাদ্যোপাজ্বন, ধর্মপ্রতিপালন এবং শিপ্পনৈপুণ্য অতি চমৎকার। দেখ বারুই-আদি শকুন্তেরা চঞ্চ-আছত তুণ ছারা যেরপে নীড় নির্মাণ করে, তাহা স্থানিকিত শিপ্পিদিগের বুদ্ধির অগম্য। আর দেখ, গরুড় বিহঙ্গম খীয় সামর্থ্যে কত শত বীররুন্দের বিক্রম আক্রমণ করিয়া এই জগতে পশ্দিরাজ আখ্যায় খ্যাভ্যাপন হইয়াছে এবং চরমে পরম পদ প্রত্যাশায় তবভয়বিভঞ্জন প্রীপ্রভিগবান বিষ্ণুর বাহন হটয়া দিজজন্মের সফলতা লাভ করিয়াছে। আর জ্যায়-সম্পাতিদিগের কথা কি কহিব, সামান্যতঃ পক্ষী শেন, শকুনি, হাড়গিলে, বুলবুল, ভাশ্রচুড়, কপৌড চল ইহারা সভাবুক্তঃ যুদ্ধবিদ্যাবিজ্ঞাতা; কভকঞ্লি দ্বিক্ষতিন

ধর, যথা—ময়না, মদনা, সুরী, চন্দনা, টিয়া, কাজলা, শালিক ইত্যাদি। আর কতকগুলি তির্যাগ্যোনি স্বভাবসিদ্ধ মসুযোর ন্যায় বাক্শজিতে পটু, যথা—শুক, শারিকা ইত্যাদি। কাকাতোয়া, ভীনরাজ, কস্তুরি, ময়ৢর, মাছ-রাজা, ফিলা, খঞ্জন প্রভৃতি; ও লক্কা, মুখ্যী, নোট-নাদি কপোতগণ দৃত্য বিষয়ে নিপুণ। পাপিয়া, শ্যামা, দয়েলাদি শকুন্তেরা নৈস্থিক গুণে এরূপ মধুনয় ধ্বনি প্রকাশ করে যে, অভি উৎকৃষ্ট গায়কদিগের তান-লায়-বিশুদ্ধ মনোহর গীতাদি প্রবণ না করিয়া ঐ খেচর-দিকরের মোহনীয় স্বর আকর্ণনেই চিত্তের আগ্রহাতি-শয় হয়।

কলকও ন্যুহের একভাও বিলক্ষণ লক্ষ্য হইতেছে, যেহেতু ভাহারা সর্বাদাই দলবদ্ধ হইয়া গভায়াত ও বিচরণাদি করিয়া থাকে। পারাবত, মরাল, ময়র, চক্রবাক প্রভৃতি অগুজকুল আদিরস-শাস্ত্রাদি অথ্যয়ন ব্যতীত আদিরসাদির আদিপুরুষসভূশ নদনোৎসবের আদর্শবরূপ হইয়াছে। আর কুরুট কাকাদি প্রভাত-বক্তারা যেরূপ গোপনে কামকলা আলাপে প্রবৃত্ত, বিদ্যামদমত্ত রথা জিভেক্সিয়াতিমানী মানবতমূতে ভাহার অণুমাত্রও অমুধাবন হয় না। আমরা এপর্যান্ত মন্থর ও মরালদিগের পদসঞ্চালন স্ত্রী পুরুষে অমুশীলন করি-ভেছি। কল্যোধেরা অপভাসেহে ব্যভিব্যস্ত হইয়া

আপনাদিপের কর্ত্ব্য আহার্য্য দ্বব্য আহার না করিয়া কেহ বা চঞ্পুটে কেহ বা কণ্ঠে ধারণ করিয়া খাবক সকলের বদনে সমর্পণ করত তাহাদিগের কুধাখাতি करत । कुलाग्रस्थ वा कांग्रेसस्य भावकवर्णतः मित्रध कानः জন্ত বা মনুষ্য উপস্থিত হইলে এ তিৰ্যাগ্যোৰিরা অভি কোপনস্থভাবে নথ চঞ্চ ডানা আঘাত দারা ভাহা-मिशत कड विकड करत, अवर निक नीफ श्रेट उहा-দিগকে অন্তর করিবার অভিপ্রায়ে অথবা জগৎপিতা ব্দগদীশরের সাহায্য-লাভ-লালসায় অভি ভীষণ রকে চীৎকার করিতে থাকে। আর দেখ, পক্ষিগণ মোক্ষকান-নায় দেবভাদিগের ভার বহন করিভেছে, যথা ব্রহ্মার হংস ষড়াননের শিথী, ধুমাবতীর কাক, লক্ষ্মীর কপোত, ইভ্যাদি। এবং কোন কোন খেচর দেবভা-সদুশ মুসুষ্য मिर्गत अभाग जाक्य शहेगार्ड, यथा गतुर **भक्र**तिन, শ্বেতকাক, গৃধিনী ইত্যাদি। বেদবিজ্ঞাতা দিজের ন্যায় कडकर्शन दिक मुक्तिमानतम दिनदिनतीत नामामुकीर्धनः क्तियां थात्क, यथा हिया, मयना, भानिक इंड्यांकि। अङ्क्र হে জীব! এপ্রকার পদ্ধতিতে অওকরাত্মি হইতে কোন कत्मरे (अर्थेष थां श रहेर्ड भार ना।

কীটপতঙ্গাদি স্বেদজোপলক্ষে আত্মশাসন।

ংখনজনিগের শিশ্পবিষয়ক নিপুণতা অতি অভাবনীয়। ধল্মীকগণ যে সুপ্রণালীতে মৃত্তিকার প্রণালী প্রস্তুত করে, ভাহা সর্বভঃ প্রশংসনীয় ; এবং তন্তুকীটকৃত পট্টসূত্র ভিষাকারে এরূপ সুরক্ষিত হয় যে, মনুষ্যগণ ভাহা দোহন পূর্বক স্থত্রসঙ্কলনীতে সঙ্কলন করিয়া ভদ্মারা বস্ত্রাদি বিবিধ বস্তু প্রস্তুত করিয়া অর্থের ভাজন হইয়া থাকে। गमूट्य अक्थकात कीहे आहि छारामित्रत मुख्तिर मृजि-কায় পরিণত হইয়া ক্রমশঃ দ্বীপাকারে সুপ্রকাশ পায়. ध्वर बङ्ग्ला अवानामित की हि हहेटल आख हत्या ষায়। উর্ণনাভেরা লালা দ্বারা যেপ্রকার কাল রচনা করে ভাহাতে ভাহার। শিপ্পদৃক্ষভায় ভূয়দী প্রশংসার ভালন; ঐ জালে পভিত হইলে রশ্চিক প্রভৃতিরও উপায়ান্তর নাই: উহাদিগের পাশে কোন कीটাদি পতিত নাত্র ঐ লূভা কীটেরা সম্বরে ভাহাদিগের নিকট-वर्खी इरेब्रा श्रीय शामदाता नानरगरश जाहानिशदक এরপে আবদ্ধ করে যে, ভাহাদের আর অঞ্প্রভ্যান্তাদি চালিভ করিবার কোন ক্ষমতা থাকে না. পরে ঐ উর্ণ-नाट्यता ভारामिटगत तमत्रक आह्मन कतिरन के कीरे-পণ ৰাহ্য অবয়বের সহিত লভাপাশে কড়িভ থাকিয়া असदा असहित दय। नाका नामक की है हाता की वा

গালা প্রস্তুত ও মধুনক্ষিকা হইতে মোন মধু এইরূপ কভ-প্রকার কীট হইতে কত কৌশলে কভপ্রকার দ্রব্যাদি উৎপন্ন হইতেছে তাহার ইয়ত। করা ভার। স্বেদক সম্প্রদায়েরা সংগ্রাম বিষয়ে যেরূপ দক্ষ ভাহা মনুষ্য भाटक तरे इनग्रकन्मदत निरमयक दिश कांशक क तरिशादि। দেথ মশকনামক কীট আমাদিগের বস্তুরচিত ছুর্ভেদ্য पूर्व थादन शूर्वक आगामित्वत मर्कात्म श्रेमाचा । করত শোণিত শোষণ করিতে থাকে; আর মংকুণ नामक कीटिंदा आमाहित्शद छेलालान ७ मयाहित्छ শিৰির সমিবেশিত করিয়া রজনীতে অস্মদাদির রুধির পান করে; কেশকীটেরা মস্তকে বিচরণ করত ব্যক্তি-ব্যহের রজের ভাজন হয়; এবং পিপীলিকা ও মকিকা-দিগের নিকটে আমর। সভতই পরাস্ত রহিয়াছি। মৎস্যাদি যদিচ অণ্ডে জন্মগ্রহণ করে, তত্রাচ শাস্ত্রকারেরা উহাদিগকে জলজকীট বলিয়া বর্ণনা করিয়াছেন। ঐ নৎস্য হইতে পরম পবিত্র বেদের উদ্ধার হওয়ায় মৎস্যকে প্রথম অবভার বলিয়া সকলে স্বীকার করিয়া থাকেন। কীটগণ মুক্তিমানদে পুপ্পাহবাদে দেবভার সমিধি লাভ করিয়া থাকে, এবং প্রজাপতি পতন্তকে বিবাহের যোক্তক কর্তা বলিয়া সকলে মানা করিয়া থাকে। অভএব ছে कीव! जूबि मामाना कीग्रीम इहेटड ७ ७ इहेटड পার না ৷

উদ্ভিজ্ঞোপলকে আত্মশাসন।

হে জীব ! উদ্ভিদশ্রেণিস্থ পাদপপুঞ্জ ও লভা, গুলা वित्रमूत्र উरामिश्वव मूल, कांछ, भाषाञ्चभाषा, ऋक्र, পত্র, শিবা, ত্বক, নিবাস, বস, আঠা, মধু, মাভি, পুষ্প ফল, বীজ, জটা, নয়া, কেশর, ইত্যাদি ছারা বছবিধ थाना, नानाञ्चकात खेवप, जार्मघिवध वस्त्र ও विविधञ्चकात्र क्लामिक निर्मात नंबन उपरवर्गन उपरवाशी अ प्रवाधित আধারাদি কোয়াদি ইত্যাদি ইত্যাদি বছল সামগ্রী দ্বারা মন্ত্রয়াদিগের ভোজন শয়ন উপবেশন বসন ভ্রণ পীড়া শান্তি প্রভৃতি বিবিধ মহোপকারের আকররূপে প্রভীয়-নান হইতেছে, এবং নরত্রেণির বিষ বায়ু গ্রহণানন্তর অমৃতানিল সঞ্চালন করত জীবনরকায় ও শরীরের সচ্ছদতা সম্পাদনে সভত তংপর রহিয়াছে। যাহাদের শীতল ছায়। আতপতাপিত প্রাণিপুঞ্জের পরম প্রণয়াস্পদ হইয়াছে, ঐ फ্রমদলের। পর্ম কার্জণিক পর্মেশ্বকে তপোবলে বশীভূত করিয়া স্বীয় তরুবর কলেবর স্বভক্তকরণ প্রঃস্ব দেবদেবীর আকারে মান্ত-वर्त्तत शतम भूजनीय रहेगाट्ड, यथा माक्रमय प्रवर्तनी इंड्यामि। এবং কোন কোন পাদপ ষয়ংই দেবতা রূপে নরব্লের পূজা গ্রহণ করিতেছে, যথা নিয়, বিল্ল, অশ্বথ, बंहे, इल्मी, मन्मा देखानि । आंत्र উদ্ভिদজাত পর্যতপণ

ব্রহৎ ক্ষুদ্র প্রস্তরখণ্ডকরণক কারিগরদিগের সাহাব্যে গৃহ, ও শয়ন, উপবেশন, এবং ভোজনপাত্র, পানপাত্র প্রভৃতি নানাবিধ দ্রব্য দারা অম্মদাদির মহৎ উপকার করিভেছে, এবং দেবাদির আকারে সকলেরই প্রণামভাজন হইয়াছে।

এবিধায় চতুর্বিধ ভূতগ্রামই যদি এইরপেই প্রশংসনীয় হইল, ভবে হে জীব! ভূমি কোন্সাহসে কি বিধানে কাহার সাহায়ে ও কি যুক্তিতে সমস্ত প্রাণী হইতে প্রেপ্ত লাভ করিতে পার। হে জীব! এই জগতীতলে সমস্ত হস্ত হইতে ভূমি হীন ও হেয়, এক্ষণে চরমে পরম পদ পাইবার আশায়ে সেই পরম পবিত্র পরাংপর নিভা নিরঞ্জনের চিন্তা কর। এই কর্মভূমিতে ভোনার ভিনি ব্যতীত আর কেহই নাই। অভএব অনন্যকর্মা অনন্যধর্মা এবং অনন্যমন ইইয়া সেই একমেবাদ্বিভীয়ং মহাগুলগৌরবান্বিত সভ্য সন্যতনকে সভত সাধনা করহ।

পরমহংসের নামাফক।

দিন গত, কত কব, হইতেছে জীব তব, ভব-হাটে কোথায় বৈভব। চিন নাহি এ আপন, ইখে আপন, আপন, প্রাপণ বিষয়ে রত সবঃ

যাঁর মনে যাহা আছে. সেই ভাহা পুঁলিভেছে, পাইলে পলাবে সবে ছাড়ি। কে সহায় কার দায়, কেবা কার মুখ চায়, সকলে করিছে তাডাতাডি॥ মুথস্ত সমস্ত স্নেহ, সম্মেহে না হেরে কেই, অহরহঃ লৌকিক ব্যাপারে। স্বীয় সাজে সারি সারি, পদারে যত পদারি, मन् वास जानन वानिद्र ॥ ভুলে ভুলে কর তুল, কি অতুল কিবা তুল, স্বে ভুল মূলে হলি হার।। বাহা কাজে হৈয়ে কাজি, দেখিছ ভোজের বাজি, মাঝামাঝি পুঁজি গেল মারা॥ गिष्ट खग गांना लागि, भगा नष्ट गृना जांगि, देवना (प्रत्थ अना महाकरन। অসার সংসারে মাতি, কেন ভ্রম দিব৷ রাতি, তত্ত্ব কর সত্য সনাতনে॥——— ১ পাইয়া বিপুল অর্থ, কি ভত্ত্বে মত্ত অনর্থ, আশার হইয়া বশীভূত। ধরিয়া আশার হাত, করিতেছ গভায়াত, চুতেবুদের নাভাবি অচুশভ ॥ रम्थ कीय मिन मिन, इहेटलक् व्यक्ति मीन, कीन वीर्ग नीन वन वृद्धि।

७थां शि मार्थत वांधा, इत्य माथ यथां मांधा, किरम द्रक्ति इटेरव ममृक्ति॥ মনে মনে অনুরাগ, মনে মনে লক্ষা ভাগ, मत्न मत्न कछ रथेल रथला। একি ভ্রম কব কারে, মহা সিন্ধ ভরিবারে, সম্বল কদলীভক ভেলা ॥ ল্ডাকালে বান্ধি গিরি, দোলাইতে দাধ করি, যত্ত্বক একি চমৎকার। **थिति । अपन- होन,** जूजल भाजित्न काँन, নথে দৈল করিবে বিদার ॥ ट्रिनिट लोर्गुध्रन, नरम् क्रमनम्म, সাহস পেয়েছ কোন জ্ঞানে। অসার সংসারে মাতি, কেন ভ্রম দিবারাতি, তত্ত্বর সত্য সনাতনে॥——— ২ চুপে চুপে ছা রিপু, বেরিছে তোমার বপু, হাপুগণে ভ্রমিবি রে কভ। নাহি মিলালি বিভুতে, ভোমার এপঞ্চভূতে, সকলি হইল ভূতগভ॥ তুমি খোঁজ কার ছিদ্র, পায়ে কাল তব ছিদ্র, আলি তব নব্দিছকে যরে। হেতু তোমার নিধন, হরে ভব আয়ু-ধন, নিজাগত তুমি মায়া-ঘোরে॥

छाकि निक्ष छेठ कीव. वल मन मनाभित. তবে শিব হইবে তোমার। নতুণা নিস্তার অস্ত, বিস্তার করিয়া হস্ত, আসিছে শ্মন চুনিবার॥ এখন সভক হয়ে, কুতকেতে ক্ষমা দিয়ে, সভর্ক সোপানে কর গভি। নিছে হই হই রবে, ভ্রনণ করিয়া ভবে, আর কেন লভিছ দুর্গভি॥ অনিবার অহঙ্কার, নাহি তার প্রতিকার, হাহাকার রব ঘনে ঘনে। অসার সংসারে মাতি, কেন ভ্রম দিবা রাভি. তত্ত কর সভ্য সন্তিনে॥---- ৩ মাভা পিতা ভগ্নী ভাতা, ছুচিতা পুত্ৰ বনিতা, ইত্যাদি মায়ার পরি হার। পরিহার নাহি মনে, আহার বিহার সনে, এ সংসারে তুমিই সং-সার॥ মুকুর করেতেধরি, হাস্য আস্য দৃশ্য করি, বিশ্ব পশ্য নস্যের আধার। নশ্ব বপুর কান্তি. দেখেও ঈশ্বরে ভান্তি, ক্র'ন্তি গ্রন্থি ফেলি রবুঠার॥ হরিল্রাক্ত পীতবর্ণ, ফুল ফল আদি পর্ণ, লতাদি পাদপে শোভা হয়।

बाना बुद्ध युदकामि, अशीखत आह्य यमि, চিরস্থায়ি কিছু শাত্র নয়॥ হ্রাস রুদ্ধি হয় শশী, শুভ তমোময় নিশি, ঋতুভেদে ভাত বাত শীভ। শোভিতেছে দিবাকর, অয়দাংশে ভাবান্তর, নক্ষতাদি এই ভাবে স্থিত।। গিরি গুলা ভক জীব, সমস্ত বস্তু নির্জীব, मुखि नग्न रग्न करन करन। অসার সংসারে মাভি, কেন ভ্রম দিবারাভি, हेन हेन পांडक्षन. मध्या करत माध्य मन, নৈয়ায়িক ন্যায়ে নাহি পায়। रेक्टभविक विष्नुज्ञान्त, व्यास्त्र ना द्य काल, চুড়ান্ত করিতে মীমাংসায়॥ পুরাণ পুরাণ খেদ, নানা মতে ভেদাভেদ, শ্ৰুতিবলে অভেদ অকাটা। चाटि मार्टि मर्ट कटि, घटि शटि तटि वटि, द्वदम् शर्ठ अक्साक शाठा ॥ मटर दाम भाग भागा, उमा, धुमावडी, डीमा, নহে ব্ৰহ্মা বিষ্ণু শিব শিবা। नरह कल नरह इत. नरह आंकांचे अनत, नदर त्मच वाश्व ताकि निवां स

মহে রক্ত পীত বর্ণ, নহে ধাতু রৌপা স্বর্ণ, नट्ट भर्व जला जक्रवत्र। बटर बाद जिथि दाभि, बटर गया गना कामी. नट् कार्छ लाखे ध्राध्र ॥ बाहकशरशंत बाह्य, वाहरकत इन वाह्य, প্রণবে পবিত্র জ্ঞান ভনে। অমার সংসারে মাতি, কেন ভ্রম দিবারাভি, ভত্ত কর সভ্য সনাভনে ॥——— c ফাহার কুপার গুণে; খেচর ভূচরগণে, চরাচরে চরে নিত্য সুখে। व्यम् व्यवस्थानी, यिनि इन नर्सवामी, नर्वशामी नर्व कीरत दमस्य॥ इन्ड अप डाँत कूबा, नाहि नामा कर्व त्नक, নাছি গাত্র, মাত্র জ্যোভিন্ময়। স্থাম্ওলেতে ধাম, পর্ম পুরুষ নাম, পরোরজ বেদে এই কয়॥ কেহ কহে নিরাকার, কেহ বা কহে সাকার, কেহ কহে সদানন্দ ধাম। কেছ কহে স্তঃ সভা, 'মৃহভত্ব ভথা নিজ্ঞা, পর্যাতা ভত্ত আত্মারাম ॥ अनामि नाहिक जामा, हेक्कित्यत नटह विमा, माक ज्लाक शक् ज्ञान करा।

हेलां नित्र नटह श्रमा, देवसमा योशांत ममा, मिछ कार्या मर्जाशमाज्ञा ॥ ব্রহ্মচারি বানপ্রস্ত, দণ্ডি প্রভৃতি গৃহস্থ, যোগী ঋষি রভ যাঁর খানে। অসার সংগারে মাভি. কেন ভ্রম দিবা বাভি. তত্ত্বর সভ্য সনাতনে॥ क्क डिकाश्रम जाश. कार्रेट्स करिशे र जिल. করিয়া স্মবিয়া যার নাম। विनम्छे इरेग्रा क्छे. ভূমিতে रान ভূমিछे, ইউনিষ্ঠ সিজ্মনকাম॥ বাল্যভোগে হয়ে ভোগী, এস্যাভোগের ভাগি, योगत्न क्रेट्य कुटन शिन । खबडीर्न डूर्न बीर्न, क्राय करनवद मीर्न, কালের বনলে হবি ভালি। ছाড अत तक जन, नीना (थना माउ जक, মাতত্ব ত্রত্ব যানে গতি। পরি বহু পরিছেদ, প্রকাশিছ ধন-মদ, আমোদ প্রমদে মত অভি॥ ৰভিছড়ি যুড়ি গাড়ি, চেড়ি বাড়ি বাড়াবাড়ি, শীরে শোতে স্থবর্ণ পাগড়ি। नाहि পাবে कड़ांकड़ि, जर्मन दहित शेड़ि, শ্ৰশানে যাইবে গডাগডি ॥

আভএব দেখ ভেবে, কিছু সজে নাহি যাবে, (मर्थ) माळ निर्मित्र खर्भरन । অসার সংসারে যাতি. কেন ভ্রম দিবারাতি, ভত্ত কর সভ্য সন্ভিনে ॥——— সুগন্ধি পুল্পের ভার, চল্দনচর্চিত হার, অঙ্গে ধরি কন্ত হাব ভাব। বাত্র বে অঙ্গরাগে, অতুল ঐশ্ব্য ভোগে, এ রোগের ঔষধ অভাব॥ বরষা ভপমাভপে, আভপত্তে রাখি ঝেঁপে. উপানহে পাদ-আবরণ। ক্রিতে শীভোপশম, অজে রেসম পশম, ধরি কর অনল সেবন 🖁 আহার বিহারে ক্লান্ত, করে ধরি ভালরন্ত, ব্যজন সুখেতে নিদ্রা যাও। কুশাস্কুর ঠেকে পায়, মুখে ডাক বাপ মায়, মৰ্মান্তিক কত ব্যথা পাও॥ চক্ষু থুলি খাবে কাৰে, তথন ডাকিবে কাকে, किश्व क्लिक रमक्रम्ख थारव। অথবা কাঠের সনে, প্রজ্বিত হতাশনে, দাহ্মান হৰি জীব যবে॥ कार विन अन युक्ति, यडक्ष जार्ड नेकि, ভুল নারে নিভানিরঞ্জনে।

অসার সংসারে মাভি, কেন জম দিবারাভি, ভত্ত কর সভ্য সনাভনে ॥—————

গীত—রাগিণী বাহার, তাল গ্রুপদ।

বন্দে পুরুষ প্রধান।
পবিত্র পরমিহ, ভূতভাবন ভূতাতীত
বেন ভূতনাথ তাতি ভগবান।
নক্ষ রাত্রি দিবা দিবাকর, পবন পুরন্দর শশধর,
নিরাদি অগ্নি নিকর আকর, অনাদ্য নিধি নিত্য নিধান॥
বিশ্ব বিভাতি ক্যোতি শ্রুতিভাবে, বড়ক্স বেদ বিধি বিকাশে,
ব্রহ্মজানে ব্রহ্মপদ আশে, ব্রহ্মা বিষ্ণু শিব করে ধ্যান।
অনিত্য জগতে কেন মত্ত, ব্যর্থ অর্থে সদা সমর্থ,
নিত্য নিত্য সাধ সে তত্ত্ব, স্বভঃ সত্য তত্ত্ব বিধান॥

সমাপ্ত।

বিজ্ঞাপন ।

এই পুস্তক বাঁহার প্রয়োজন হইবে, তিনি গিরিশবিদ্যারত্ব যক্তালয়ে, অথবা তেলিনীপাড়াছ জীলজীযুক্ত
বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় মহাশরের বার্টিতে কিংবা
সহর করাসিডালার অন্তঃপাতি লাড্য়ার মোন সাকিমে
গ্রন্থভার বার্টিতে পাইবেন।